# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 24, 1430 Bangla, February 07, 2024, Wednesday, No. 38, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader says, ongoing conflict in Myanmar is its internal issue, there is no dispute about this with Bangladesh - adds, efforts are being made to solve Rohingya crisis internationally.
(R. Today: 13, Jago FM: 15)

Foreign Minister Dr. Hasan Mahmud says, Myanmar is giving priority to taking back its citizens who have taken refuge in BD by sea route - adds, Myanmar issue will be discussed during his India visit.
(Jago FM: 15)

Law, Justice and Parliamentary Affairs Minister Anisul Haque says, International Labor Organization-ILO has suggested that it is better to discuss more about the amendment of labor law avoiding rapidity.
(R. Tehran: 10, R. Today: 14)

State Minister for Information and Broadcasting Mohammad Ali Arafat says, freedom of media and freedom of expression has been improved during current govt. - adds, advertising policies will be formulated for online media. (Jago FM: 19)

Regarding ongoing conflict inside Myanmar, DG of BGB Maj Gen Mohammad Ashrafuzzaman Siddiqui says situation is under control so far - adds, Rohingyas will not be allowed to enter Bangladesh in any way.
(Jago FM: 16)

Dhaka has strongly protested by summoning Myanmar's ambassador to BD following death of two people in mortar attack from Myanmar border - a total of 264 people, including BGP members, have entered BD.
(DW: 12, R. Today: 13,14)

Mortars fired from Myanmar have hit at Ghumdhum of Bandarban again - hundreds of families from the border areas have moved to their relatives' houses in the neighboring areas in search of safe shelter.
(R. Today: 13)

BNP leader Gayeshwar Chandra Roy says, AL has dishonored the country and it will not be safe if AL is in power - adds, govt. cannot protest even if there is unrest on border of Myanmar and West Bengal.
(Jago FM: 17)

The USA says, there has been no change in its visa policy regarding Bangladesh - the USA urges for a transparent legal process for Nobel laureate economist Dr. Muhammad Yunus. (R. Today: 13)

BBS survey reveals information that marriage of children under age of 15 has increased by 50 % in Bangladesh - child marriage cannot be reduced due to lack of social security, poverty and awareness.
(DW: 10)

The capital city of Niger, Niamey, has been declared an infected zone after a fresh outbreak of the H5N1 strain of bird flu was detected in local birds. (BBC: 21)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ২৪, ১৪৩০ বাংলা, ফেব্রুয়ারি ০৭, ২০২৪, বুধবার, নং- ৩৮, ৫৪তম বছর**

# শিরোনাম

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, মিয়ানমারে চলমান সংঘাত তাদের অভ্যন্তরীণ। বাংলাদেশের সঙ্গে এ নিয়ে কোনো বিরোধ নেই। রোহিঙ্গা ইস্যুতে যে সমস্যা সেটা আন্তর্জাতিকভাবে সমাধানের চেষ্টা চলছে বলেও জানান তিনি। (রে. টুডে: ১৩, জাগো এফ এম: ১৫)

বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের নাগরিকদের নৌপথে নিয়ে যাওয়ার বিষয়ে দেশটি অগ্রাধিকার দিচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ - ভারত সফরে মিয়ানমারের ইস্যু নিয়ে আলোচনা হবে বলেও জানান তিনি। (জাগো এফ এম: ১৫)

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, শ্রম আইন সংশোধনের বিষয়ে তাড়াহুড়ো না করে, আরো আলোচনা করা হলে ভালো হয় বলে পরামর্শ দিয়েছে আন্তর্জাতিক শ্রম সংস্থা-আইএলও। (রে. তেহরান: ১০, রে. টুডে: ১৪)

বর্তমান সরকারের সময়ে গণমাধ্যমের স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতার উন্নয়ন হয়েছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত - অনলাইন ভিত্তিক গণমাধ্যমের জন্য বিজ্ঞাপন নীতিমালা প্রণয়ন করা হবে বলেও জানান তিনি। (জাগো এফ এম: ১৯)

মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘর্ষের ঘটনায় বিজিবির নবনিযুক্ত মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী বলেছেন, এখন পর্যন্ত পরিস্থিতি বাংলাদেশের নিয়ন্ত্রণে রয়েছে। কোনোভাবেই রোহিঙ্গাদের বাংলাদেশের ভেতরে ঢুকতে দেয়া হবে না বলেও জানান তিনি। (জাগো এফ এম: ১৬)

মিয়ানমার সীমান্তের ওপার থেকে আসা মর্টার সেলের আঘাতে দু'জনের মৃত্যুর ঘটনায় বাংলাদেশে নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব করে কড়া প্রতিবাদ জানিয়েছে ঢাকা - মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে দেশটির সীমান্তরক্ষী বাহিনী বিজিপির সদস্যসহ মোট ২৬৪ জন বাংলাদেশে প্রবেশ করেছে। (ডয়চে ভেলে: ১২, রে. টুডে: ১৩,১৪)

আবারো মিয়ানমার থেকে ছোঁড়া মর্টারসেল এসে পড়েছে নাইখংছড়ির উপজেলার ঘুমধুম ইউনিয়নে। সীমান্তবর্তী এলাকা থেকে শতাধিক পরিবার নিরাপদ আশ্রয়ের খোঁজে পার্শ্ববর্তী বিভিন্ন এলাকায় আত্মীয়-স্বজনের বাড়িতে চলে গেছে। (রে. টুডে: ১৩)

বিএনপি নেতা গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, আওয়ামী লীগ দেশের সম্মানহানি ঘটিয়েছে, তাদের ক্ষমতায় রাখলে দেশ নিরাপদ থাকবে না। মিয়ানমার সীমান্ত, পশ্চিমবঙ্গের সীমান্তে অস্থিরতা দেখা দিলেও সরকার প্রতিবাদ করতে পারে না। (জাগো এফ এম: ১৭)

বাংলাদেশের ক্ষেত্রে মার্কিন ভিসা নীতির কোন পরিবর্তন হয়নি বলে জানিয়েছে যুক্তরাষ্ট্র - নোবেল জয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের জন্য স্বচ্ছ আইনি প্রক্রিয়া নিশ্চিত করতেও আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। (রে. টুডে: ১৩)

বাংলাদেশে ১৫ বছরের কম বয়সি শিশুদের বিয়ে ৫০ শতাংশ বেড়েছে বলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-বিবিএস এর জরিপে প্রকাশ - সামাজিক নিরাপত্তা, দারিদ্র্য ও সচেতনার অভাবে বাল্যবিয়ে কমানো যাচ্ছে না। (ডয়চে ভেলে: ১০)

স্থানীয় পাখিদের মধ্যে H5N1 স্ট্রেনের বার্ড ফ্লু শনাক্ত হওয়ার পর নাইজারের রাজধানী শহর নিয়ামেকে সংক্রামিত অঞ্চল ঘোষণা করা হয়েছে। ( বিবিসি: ২১)

# বিবিসি

## বাংলাদেশের যে ১৪টি পণ্য জিআই সনদের জন্য অপেক্ষায় রয়েছে

গত কয়েক বছরে বাংলাদেশের মোট ২১টি পণ্য জিওগ্রাফিক্যাল আডেন্টিফিকেশন (জি আই) বা ভৌগোলিক নির্দেশক হিসেবে নিবন্ধিত হলেও মোট ১৪টি পণ্যের জন্য নতুন করে আবেদন জমা পড়েছে। এছাড়া, আবেদনের প্রক্রিয়ার মাঝে আছে আরও দু'টি পণ্য। বাংলাদেশের টাঙ্গাইল শাড়ি ভারতের জি আই পণ্য হিসাবে স্বীকৃতি পাওয়ার পর এ নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে। যদিও কোনও পণ্যের জন্য আবেদন করার অর্থ এই নয় যে সেগুলো জি আই সনদ পাওয়ার মতো যোগ্য বা পাবেই। নানারকম পরীক্ষা-নিরীক্ষার পর নির্ধারিত হয় যে কোন পণ্য এই তালিকায় উঠবে। যাচাই-বাছাইয়ের পর এগুলোর কোনওটি যদি জি-আই সনদ পেয়ে যায়, তাহলে তখন সেগুলো বাংলাদেশের নিজস্ব পণ্য হিসেবে বিশ্ব দরবারে পরিচিতি লাভ করবে। চলতি বছরের পহেলা ফেব্রুয়ারি দুপুরে ভারত সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ফেসবুক পেইজে একটি পোস্টে টাঙ্গাইল শাড়িকে পশ্চিমবঙ্গের ঐতিহ্য উল্লেখ করা হয়। বলা হয়, এটি এই অঞ্চলের সমৃদ্ধ সাংস্কৃতিক উত্তরাধিকারের বহিঃপ্রকাশ।

যদিও 'টাঙ্গাইল শাড়ি' বাংলাদেশে বহুল পরিচিত একটি বিষয়। সেইসাথে, ঢাকার কাছে টাঙ্গাইল জেলার সাথে এর নামও জড়িয়ে আছে। এই পুরো বিষয়টিতে বিস্ময় প্রকাশ করেছেন বাংলাদেশিরা। এর আগে ভারতের শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট, ডিজাইন অ্যান্ড ট্রেড মার্কস বিভাগের পক্ষ থেকে টাঙ্গাইল শাড়িকে পশ্চিমবঙ্গের ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। শুধু তাই নয়, রাজ্যটির নিজস্ব পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে সুন্দরবনের মধুও। যদিও সুন্দরবনের ৬০ শতাংশ বাংলাদেশে এবং এই মধু এখানেও ব্যাপকভাবে জনপ্রিয়। কিন্তু এখন যদি সুন্দরবনের মধু ও টাঙ্গাইল শাড়ির জি আই সনদের জন্য কেউ আবেদন করে, তাহলে বাংলাদেশও এই সনদ পেতে পারে কি-না, এ নিয়ে ডিপিডিটি পরিচালক মো. মুনিম বলেন, "জি আই সনদের প্রক্রিয়া আছে। এটা অঞ্চলভিত্তিক। যেটা যে অঞ্চলের, সেটা সেখানকার বিখ্যাত। এখন কাঁচাগোল্লা তো অনেক জায়গায়ই হয়, কিন্তু নাটোরের কাঁচাগোল্লা তো শুধু ওখানেই পাওয়া যায়। তাই, সুন্দরবনের মধু বা টাঙ্গাইল শাড়ি জি আই সনদ পেতে পারে কি পারে না, সেই সিদ্ধান্ত পরীক্ষা-নিরীক্ষার পরে হবে।"

উল্লেখ্য, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন 'বিসিক'-এর পক্ষ থেকে জামদানিকে জি আই পণ্য হিসেবে নিবন্ধনের অনুমোদন চাওয়া হয় এবং ২০১৬ সালে সেটি স্বীকৃতি পায়। এই তালিকার সর্বশেষ সংযোজন হলো কুষ্টিয়ার তিলের খাজা। আন্তর্জাতিক মেধাস্বত্ব বিষয়ক সংস্থা 'ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস অর্গানাইজেশনে'র (ডব্লিউআইপিও) নিয়ম মেনে বাংলাদেশের শিল্প মন্ত্রণালয়ের অধীনে পেটেন্টস, ডিজাইন এবং ট্রেডমার্ক বিভাগ (ডিপিডিটি) জি আই স্বীকৃতি ও সনদ দিয়ে থাকে।ডিপিডিটি থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, যে ১৪টি পণ্যের জন্য আবেদন জমা পড়েছে, সেগুলো হলো-

যশোরের খেজুর গুড়, নরসিংদীর লটকন, নরসিংদীর অমৃতসাগর কলা, জামালপুরের নকশীকাঁথা, মধুপুরের আনারস, সুন্দরবনের মধু, মৌলভীবাজারের আগর-আতর, রংপুরের হাড়িভাঙ্গা আম, মুক্তাগাছার মণ্ডা, রাজশাহীর মিষ্টিপান, শেরপুরের ছানার পায়েশ, ভোলার মহিষের কাঁচা দুধ, গোপালগঞ্জের রসগোল্লা, নওগাঁ'র নাগ ফজলি আম। এছাড়া, আবেদনের প্রক্রিয়ার মাঝে আছে আরও দু'টি পণ্য। যথা- দিনাজপুরের লিচু এবং টাঙ্গাইলের শাড়ি।

কোনও দেশের পরিবেশ, আবহাওয়া ও সংস্কৃতি যদি কোনও একটি পণ্য উৎপাদনে ভূমিকা রাখে, সেই সাথে, ভৌগোলিকভাবে ও ঐতিহ্যগতভাবে যে পণ্যগুলোকে 'নিজস্ব' হিসেবে সংজ্ঞায়িত করা যায়, তাহলে সেটিকে ঐ দেশের 'ভৌগোলিক নির্দেশক পণ্য' হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। যে সব পণ্য এই স্বীকৃতি পায়, সেগুলোর মাঝে ভৌগোলিক গুণ, মান ও স্বতন্ত্র বৈশিষ্ট্য থাকে। একটা পণ্য যখন জি আই স্বীকৃতি পায়, তখন সেটিকে বিশ্বব্যাপী ব্র্যান্ডিং করা সহজ হয়। তখন দেশে-বিদেশে ঐ পণ্যগুলোর একটি আলাদা কদর থাকে। শুধু তাই নয়, সনদ প্রাপ্তির পর ঐ অঞ্চল বাণিজ্যিকভাবে পণ্যটি একাধারে উৎপাদন করার অধিকার এবং আইনি সুরক্ষা পায়। অন্য কোনও দেশ বা অন্য কেউ তখন আর এই পণ্যের মালিকানা বা স্বত্ব দাবি করতে পারে না। নিয়ম অনুযায়ী, কৃষিপণ্য, প্রকৃতি থেকে আহরিত সম্পদ ও কুটির শিল্পকে এই সনদ দেওয়া হয়। বাংলাদেশে এখন পর্যন্ত যেসব জি-আই পণ্য আছে, সেখানে এর সবগুলো ধরনই রয়েছে। বাংলাদেশে সর্বপ্রথম ২০১৩ সালে ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন হয়। এরপর ২০১৫ সালে আইনের বিধিমালা তৈরির পর জি আই পণ্যের নিবন্ধন নিতে আহ্বান জানায় ডিপিডিটি। আইন অনুযায়ী, ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের জন্য কোনও ব্যক্তিসংঘ, প্রতিষ্ঠান বা সংগঠনকে ডিপিডিটিতে পর্যাপ্ত প্রমাণ ও তথ্য-উপাত্তসহ আবেদন করতে হয়। আবেদনপত্র জমা দেয়ার পর সেগুলোকে নানাভাবে পরীক্ষা-নিরীক্ষা করা হয়। কোনও ভুলভ্রান্তি থাকলে আবেদনকারীকে পরিবর্তন বা সংশোধনের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়।

আবেদনপত্রের সাথে যেসব তথ্য দেওয়া হয়েছে, সেগুলো বিবেচনা করার পর সব ঠিক থাকলে সেই জার্নালে প্রকাশ করা হয়। জার্নালে প্রকাশিত হওয়ার পর কেউ যদি সেই পণ্যের বিরোধিতা করতে চায়, তাহলে তার জন্য সর্বোচ্চ দুই মাস সময় ধরা আছে। এবং এই সবকিছুর সর্বশেষ ধাপ হলো জি আই সনদ বা নিবন্ধন সার্টিফিকেট প্রাপ্তি।সুতরাং বিধিমালা অনুযায়ী, কোনও পণ্যের জন্য কেউ আবেদন করার মানেই এই নয় যে সেই সব পণ্য জি-আই সনদ পাওয়ার মতো যোগ্য বা নিশ্চিতভাবে এই সনদ পেয়ে যাবে। ডিপিডিটি-তে যেসব আবেদন জমা পড়েছে, সেগুলোর বিষয়েও একই বিষয় প্রযোজ্য। যাচাই-বাছাই করার পর এগুলোর কোনও কোনওটি জার্নালে যাওয়ার আগেই বাদ পড়তে পারে। আবার জার্নালে প্রকাশ হওয়ার পর দুই মাসের মাঝে যদি কেউ এগুলোর বিরোধিতা করে এবং সেই অভিযোগ খণ্ডানোর মতো যথেষ্ট প্রমাণ না থাকে, তাহলেও তা বাদ যেতে পারে। ডিপিডিটি মহাপরিচালক মো. মুনিম হাসান বলেন, "অ্যাপ্লাই করলেই যে সনদ দিবো, তা না। কাগজপত্র পরীক্ষার পর যদি দেখা যায় যে সব ঠিক আছে, তখন জার্নালে প্রকাশ করি। তখন আবার আপত্তি দেয়ার জন্যও প্রসিডিওর আছে। সব কিছু বিবেচনার পর এটিকে হ্যাঁ-ও করা হতে পারে, নাকচও করা হতে পারে।" তিনি জানান, কিছু পণ্য আছে যেগুলো খুব শীঘ্রই জি আই সনদ পেতে পারে। "আমাদের লক্ষ্য, এই বছর জি আই পণ্য যাতে ১০০টি ক্রস করে", যোগ করেন তিনি। মহাপরিচালক জানান, বিগত বছরগুলোর তুলনায় জি আই পণ্যের জন্য আবেদনের সংখ্যা বেড়েছে। "জি আই আইন হওয়ার পর থেকে যে ক'টা আবেদন আমরা পেয়েছি, গত এক বছরে সেটা বেড়েছে।" এর কারণ হিসেবে তিনি উল্লেখ করে, ডিপিডিটি থেকে নানা ধরনের উদ্যোগ নেওয়ার কারণেই এটা হচ্ছে। "গত চার মাসে ৬৪ জেলার জেলা প্রশাসক ও কমিশনারের কাছে চিঠি দিয়েছি আমরা। তাদেরকে আমরা বলেছি যে আপনার এলাকায় কী কী জি আই পণ্য আছে, সেটা নিয়ে আমাদের কাছে অ্যাপ্লাই করেন। আমরা আপনাদের সহায়তা করব। এসব উদ্যোগের কারণেই অগ্রগতি হয়েছে", তিনি জানান।জি আই আইন বিধিমালা পূরণ করে এখনও পর্যন্ত মোট ২১টি পণ্য জি আই সনদ পেয়েছে। সেগুলো হলো :

জামদানি শাড়ি, বাংলাদেশের ইলিশ, চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম, বিজয়পুরের সাদামাটি, দিনাজপুরের কাটারিভোগ, বাংলাদেশের কালোজিরা, রংপুরের শতরঞ্জি, রাজশাহীর সিল্ক, ঢাকার মসলিন, বাংলাদেশের বাগদা চিংড়ি, রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জের ফজলি আম, বাংলাদেশের শীতলপাটি, বগুড়ার দই, শেরপুরের তুলসীমালা, চাঁপাইনবাবগঞ্জের ল্যাংড়া আম, চাঁপাইনবাবগঞ্জের আশ্বিনা আম, বাংলাদেশের ব্ল্যাক বেঙ্গল ছাগল, নাটোরের কাঁচাগোল্লা, টাঙ্গাইলের পোড়াবাড়ির চমচম, কুমিল্লার রসমালাই, কুষ্টিয়ার তিলের খাজা।

যদিও ডিপিডিটি'র ভৌগোলিক নির্দেশক পণ্যের জার্নালে ১৭টি পণ্যের কথা উল্লেখ আছে। এখন পর্যন্ত জি আই সনদপ্রাপ্ত পণ্যের সংখ্যা যে ২১টি, সে বিষয়টিতে সম্মতি জানিয়ে মি. মুনিম বলেন, "জি আই সার্টিফিকেশনটাকে একটা পণ্য হিসেবে দেখতে পারেন। এখন আপনি (কোনও সংস্থা বা প্রতিষ্ঠান) যদি আমার (ডিপিডিটি) কাছে না আসেন, তাহলে আমি তো আপনাকে দিয়ে দিতে পারবো না।" (বিবিসি ওয়েব পেজ:০৬.০২.২০২৪ রিহাব)

## মিয়ানমার থেকে পালিয়ে এসেছে আরও শতাধিক, রাষ্ট্রদূতকে ডেকে প্রতিবাদ

মিয়ানমারে জান্তা সরকারের সেনা সদস্যদের সঙ্গে বিদ্রোহী গোষ্ঠীগুলোর চলমান সংঘর্ষে মঙ্গলবার সকাল থেকে এখন পর্যন্ত দেশটির আরও ১১৪ জন বাংলাদেশে পালিয়ে এসেছেন। ঘটনাস্থল থেকে বিবিসির সংবাদদাতা জানিয়েছেন, এরমধ্যে ১১০ জন দেশটির সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশ-বিজিপি'র সদস্য। এ পর্যন্ত দুই শতাধিক বিজিপি সদস্য পালিয়ে বাংলাদেশে আসল। মিয়ানমার-বাংলাদেশ সীমান্তের কাছে ঢেঁকিবুনিয়া এলাকায় আরাকান আর্মিসহ সশস্ত্র গোষ্ঠীগুলোর সঙ্গে সেনাবাহিনীর লড়াই বেড়ে যাওয়ার পর প্রাণ বাঁচাতে সেদেশের বিজিপি সদস্য, সেনা সদস্য, শুল্ক কর্মকর্তাসহ বিভিন্ন সরকারি কর্মকর্তারা পালিয়ে বাংলাদেশে আসছেন। বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি এসব তথ্য সাংবাদিকদের নিশ্চিত করেছেন। কক্সবাজার উখিয়ার রহমতের বিল এলাকা বিবিসির সংবাদদাতা মুকিমুল আহসান জানাচ্ছেন, বাংলাদেশ সীমান্তে আসার পর পরই বিজিবি প্রথমে তাদেরকে নিরস্ত্র করে। এরপর নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যায়। বর্তমানে মিয়ানমার থেকে আসা বিজিপি সদস্যসহ অন্যদের উখিয়া সীমান্তের একটি স্কুল রহমতের বিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আশ্রয়ে রাখা হয়েছে।

এদিকে, এসব ঘটনার কারণে মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব করেছে বাংলাদেশর পররাষ্ট্র মন্ত্রণালয়। সেখানে বিজিপি ও অন্য মিয়ানমারের নাগরিকদের ফিরিয়ে নেয়ার বিষয়ে আলোচনা হয়েছে। মিয়ানমারে সেনা অভ্যুত্থানের মাধ্যমে গণতান্ত্রিক সরকারকে হটিয়ে ক্ষমতা দখল করে দেশটির সামরিক জান্তা। এরপর আরাকান আর্মিসহ কিছু সশস্ত্র গোষ্ঠী জান্তা সরকারের বিরুদ্ধে যুদ্ধ করছে। সম্প্রতি বিভিন্ন জায়গায় জান্তার অনুগত সেনাদের পরাজয়ের খবর আসতে থাকে। সেনাবাহিনীর ঘাঁটি ও নিয়ন্ত্রিত এলাকাও দখলে নিতে শুরু করে বিদ্রোহীরা। গত কয়েকদিন ধরে বাংলাদেশের বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্ত এবং কক্সবাজারের উখিয়া ও টেকনাফ সীমান্তের ওপারে মিয়ানমারের ভেতরে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে আরাকান আর্মি মধ্যে গোলাগুলি ও সংঘাত-সংঘর্ষ চলছে। বিদ্রোহীদের তীব্র হামলার মুখে গত ৪ঠা ফেব্রুয়ারি সকাল থেকে বান্দরবানের নাইক্ষ্যংছড়ির তুমব্রু সীমান্ত এলাকা দিয়ে বাংলাদেশে দফায় দফায় প্রবেশ করতে শুরু করেন বিজিপি সদস্যরা। গত তিন দিনে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর

সদস্যসহ বাংলাদেশে আশ্রয় নিয়েছেন মোট ২৬৪ জন। তার মধ্যে দুইশ জনের বেশি বিজিপি সদস্য। এছাড়া বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তারা রয়েছেন। বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন বিজিবি রামুর সেক্টর কমান্ডার মেহেদি হাসান। আশ্রয় নেয়াদের মধ্যে মিয়ানমারের বিজিপি সদস্য, সেনা সদস্য, কাস্টমস কর্মকর্তাসহ সাধারণ মিয়ানমার নাগরিক রয়েছেন বলে জানা গিয়েছে। তাদের পরিচয় শনাক্ত করতে কাজ করছে বিজিবি। পালিয়ে আসা বিজিপি সদস্যদের অস্ত্র ও গুলি জমা রাখার কথাও বিজিবি নিশ্চিত করেছে।

যাদেরকে আশ্রয় দেয়া হয়েছে তাদের মধ্যে দুজন নারী ও শিশু রয়েছেন বলে বিবিসির সংবাদদাতা জানতে পেরেছেন। সাম্প্রতিক সময়ে মিয়ানমার সংঘাতময় পরিস্থিতি সৃষ্টি হওয়ায় বাংলাদেশের সীমান্তবর্তী অঞ্চলগুলোয় আতঙ্ক ছড়িয়ে পড়ে। সোমবার সন্ধ্যার পর থেকে মঙ্গলবার সকাল পর্যন্ত নাইক্ষ্যংছড়ি, উখিয়া ও টেকনাফ উপজেলার সীমান্তের ওপারে মিয়ানমার ভেতর থেকে ব্যাপক গোলাগুলি ও মর্টার শেল বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এখনও বেতিবুনিয়া সীমান্তের ওপার থেকে কিছুক্ষণ পর পর থেমে থেমে এমন ভয়াবহ শব্দ পাওয়ার কথা জানিয়েছেন স্থানীয়রা। এতে আতঙ্ক ছড়িয়ে পড়েছে বাংলাদেশের সীমান্ত এলাকার গ্রামগুলোয়। স্থানীয়রা জানিয়েছেন তারা আতঙ্কে গত তিন রাত ঘুমাতে পারেননি। এরইমধ্যে অনেকে গ্রাম ছেড়ে চলে গিয়েছেন। বিশেষ করে রাতে কেউ থাকতে পারছেন না পরিস্থিতি প্রতিনিয়ত অবনতি হচ্ছে বলে স্থানীয় বাসিন্দারা মনে করছেন। এদিকে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি স্থানীয়দের নিরাপদে থাকতে বললেও বেশিরভাগই তাদের সেই নির্দেশনা মানছেন না। স্থানীয়দের অনেকেই স্কুল প্রাঙ্গণে ভিড় করছেন। ইচ্ছামতো চলাফেরা করছেন। এমনকি, মঙ্গলবার সকালে যখন বিজিপি সদস্যরা সীমানা পাড়ি দিয়ে আসে তখন প্রথমে তাদের উদ্ধার করেন এই স্থানীয়রা। স্থানীয়দের কেউ কেউ বিবিসি বাংলার সংবাদদাতাকে জানিয়েছেন, তারা সীমান্তের শূন্য রেখায় তিনজনের মরদেহ পড়ে থাকতে দেখেছেন।

কিন্তু সীমান্ত রেখায় হওয়ায় কেউ তাদের দেখতে বা আনতে যেতে পারছে না। মরদেহগুলো কাদের সে বিষয়ে এখন পর্যন্ত নিশ্চিত হওয়া যায়নি। আশ্রয় নেয়া বিজিপি সদস্যের মধ্যে নতুন করে আরও সাত জন আহত হয়েছেন। এর আগে সংঘর্ষে ১৫ জন গুলিবিদ্ধ হয়েছিলেন। চিকিৎসার ব্যবস্থা করেছে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী। আহতদের মধ্যে পাঁচ জনকে কক্সবাজার জেলা সদর হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। আরও চার জনকে উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বর্তমানে সীমান্ত এলাকায় নিরাপত্তা বাড়ানো হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী। এদিকে বাংলাদেশের বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার জলপাইতলী সীমান্তে সোমবার দুপুরে মিয়ানমার থেকে ছোড়া মর্টারশেলের আঘাতে বাংলাদেশি এক নারীসহ দুজন নিহত হন। এজন্য মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয় মিয়ানমারের রাষ্ট্রদূত অং কিউ মোয়েকে তলব করে প্রতিবাদ জানায় বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিয়ানমার অনুবিভাগের মহাপরিচালক মিয়া মুহাম্মদ মাইনুল কবির মিয়ানমারের রাষ্ট্রদূতকে এক প্রতিবাদ-লিপি পেশ করেন। সীমান্তে চলমান পরিস্থিতিতে বাংলাদেশ উদ্বেগ প্রকাশ করেছে। বাংলাদেশের নিজস্ব সীমানায় গোলা নিক্ষেপের ব্যাখ্যা চাওয়া হয়েছে মিয়ানমারের রাষ্ট্রদূতের কাছে। বাংলাদেশে মিয়ানমারের গোলাবারুদ এসে পড়ার ঘটনা দুঃখজনক বলে বলেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। পরে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ তার দফতরে সাংবাদিকদের জানিয়েছেন, পালিয়ে আসা বিজিপি সদস্যসহ অন্যান্যদের নিজ দেশে ফেরত পাঠানোর বিষয়ে দুই দেশের মধ্যে আলোচনা চলছে। তিনি বলেন, "মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের নিরবচ্ছিন্ন যোগাযোগ আছে। মিয়ানমারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রদূতের সঙ্গে যোগাযোগ করেছেন। তারা তাদের নাগরিকদের ফিরিয়ে নিয়ে যাবেন। তাদের সীমান্তরক্ষীদেরও ফিরিয়ে নিয়ে যাবেন।"

আইনমন্ত্রী আনিসুল হক সোমবার জাতীয় সংসদে বলেছেন, মিয়ানমার সীমান্তের পরিস্থিতি খুবই নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে বাংলাদেশ। একইসঙ্গে সীমান্তে সশস্ত্র বাহিনীকে ধৈর্য্য ধরতে নির্দেশ দেওয়া হয়েছে। এদিকে নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্তের ওপারে তীব্র সংঘর্ষের মধ্যে সেখানে চাকমা সম্প্রদায়ের প্রায় চারশো জন এবং রোহিঙ্গা জনগোষ্ঠীর কিছু লোক জড়ো হয়েছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন কক্সবাজারের শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি) মো. মিজানুর রহমান। এ অবস্থায় ওই চাকমা-রোহিঙ্গাদের অনুপ্রবেশের আশঙ্কা করা হচ্ছে। (বিবিসি ওয়েব পেজ:০৬.০২.২০২৪ রিহাব)

## ধর্ষণ ও নারী নির্যাতনের কিছু আলোচিত মামলার বিচার এখন যে অবস্থায়

বাংলাদেশে বিভিন্ন সময়ে ধর্ষণের অভিযোগে বিভিন্ন ঘটনা নিয়ে আলোড়ন ওঠে। এসব ঘটনার বিচার চেয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, মানবাধিকার কর্মী এবং সাধারণ জনগণ নামে আন্দোলনে। এমনকি এসব ঘটনার বিচার চেয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমেও সরব হয়ে ওঠে আন্দোলনকারীরা। সম্প্রতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবারো ধর্ষণের এমন একটি অভিযোগকে কেন্দ্র করে আন্দোলন করছে শিক্ষার্থীরা। প্রশ্ন দাঁড়িয়েছে, গত কয়েক বছরে আলোচনায় আসা এরকম বেশ কয়েকটি ধর্ষণের ঘটনার বিচার কোন অবস্থায় রয়েছে ? ২০২০ সালের ২৫ শে সেপ্টেম্বর সন্ধ্যার দিকে সিলেটের টিলাগড় এলাকার এমসি কলেজের সামনে নিজের স্ত্রীকে নিয়ে বেড়াতে যান এক যুবক। পরে গেটের সামনে থেকে তার স্ত্রীকে তুলে নিয়ে যায় কয়েকজন। ঐ তরুণী তার স্বামীর সাথে একটি গাড়িতে করে বেড়াতে

গিয়েছিলেন। পরে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, তার স্ত্রীকে যখন জোর করে তুলে নিয়ে যাওয়া হয় তখন দুই ব্যক্তি স্বামীকে গাড়িতে আটক করে রাখে। এর ঘণ্টাখানেক পর এমসি কলেজের ছাত্রাবাসের একটি কক্ষের সামনে থেকে বিধ্বস্ত অবস্থায় নিজের স্ত্রীকে উদ্ধার করেন ঐ যুবক। পরে রাতেই ঐ তরুণীকে সিলেট ওসমানী মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়। সে সময়, এমসি কলেজের হোস্টেলের পাশের আবাসিক এলাকার এক বাসিন্দা বিবিসিকে জানান, রাতে বেশ কিছুক্ষণ ছাত্রাবাসের ভেতর থেকে চিৎকার চেঁচামেচির শব্দ শুনতে পাচ্ছিলেন তিনি। পরে এক পর্যায়ে নারী কণ্ঠের চিৎকার শুনতে পাওয়ার কিছুক্ষণের মধ্যে স্থানীয় আরো কয়েকজনকে নিয়ে ছাত্রাবাস এলাকার ভেতরে প্রবেশ করেন। সে সময় হোস্টেলের পাশের স্টাফ কোয়ার্টার থেকে কর্মচারীরা জড়ো হলে ভুক্তভোগীদের কাছ থেকে ঘটনা সম্পর্কে জানতে পারেন তারা। এই ঘটনায় এমসি কলেজের আটজন ছাত্রলীগের নেতা-কর্মীকে অভিযুক্ত করে অভিযোগপত্র দেওয়া হয়। পরে ২০২২ সালের জানুয়ারিতে অভিযোগ গঠন করে সিলেটের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল। ঘটনার পর ডিএনএ পরীক্ষা করে চার আসামির সাথে ডিএনএ ম্যাচিং পাওয়া যায়। সে সময় চাঞ্চল্যকর মামলা দ্রুত নিষ্পত্তির জন্য গঠিত জেলা মনিটরিং কমিটি মামলাটি দ্রুত বিচার ট্রাইব্যুনালে দেওয়ার সিদ্ধান্ত নেয়। কিন্তু কোনও পদক্ষেপ না থাকায় ভুক্তভোগী তরুণীর স্বামী হাইকোর্টে রিট করেন। পরে ঐ বছরেরই ১৫ই ডিসেম্বর মামলাটি দ্রুত বিচার ট্রাইব্যুনালে বদলি করতে আদেশ দেয় হাইকোর্ট। কিন্তু মামলা স্থানান্তর করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এখনো গেজেট জারি করা হয় নি।

মামলার বাদীর আইনজীবী শহীদুজ্জামান চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "দ্রুত বিচার ট্রাইব্যুনালে মামলা স্থানান্তরে হাইকোর্টের আদেশ এখনো কার্যকর হয় নাই। হাইকোর্টের এ আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ আবার লিভ টু আপিল করে। ফলে সাক্ষ্যগ্রহণ শুরু হয়নি এখনও"। মি. চৌধুরী জানান, "এখন মামলার বাদীকেও প্রলুব্ধ করার চেষ্টা চলছে। মনে হচ্ছে তাকে দুর্বল করে ফেলা হয়েছে। তিনিও এখন আমার সাথে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছেন।"

নোয়াখালীতে বেগমগঞ্জ উপজেলায় ২০২০ সালের ২রা সেপ্টেম্বর একটি গ্রামে একজন গৃহবধূর বাড়িতে ঢুকে তার স্বামীকে পাশের কক্ষে আটকে রেখে বিবস্ত্র করে নির্যাতন করে স্থানীয় কয়েকজন যুবক। প্রায় একমাস পরে সেই নির্যাতনের ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়। এরপরেই নয় জনের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন নির্যাতনের শিকার ঐ নারী। এছাড়া নির্যাতনের ঐ ভিডিও ছড়িয়ে পড়া ঠেকাতে পর্নগ্রাফি নিয়ন্ত্রণ আইনে আরেকটি মামলা করা হয়। ২০২১ সালের ৪ঠা অক্টোবর এই মামলায় দুই আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দেয় নোয়াখালির নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল। ওই রায়ের বিরুদ্ধে আসামিরা আপিল করেছে বলে জানান আইনজীবীরা। এরই মধ্যে, সোমবার সুবর্ণচরে ২০১৮ সালে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের রাতে একজন গৃহবধূকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগে করা মামলায় ১০ অভিযুক্তকে মৃত্যুদণ্ড দিয়েছে আদালত। অন্য ছয় আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়েছে। জাতীয় নির্বাচনের রাতে ঐ ধর্ষণের ঘটনা ঘটায় এ নিয়ে ব্যাপক আলোচনা হয় তখন। ভুক্তভোগী ঐ নারী সেই সময় অভিযোগ করেছিলেন, ভোটকেন্দ্রে থাকা ব্যক্তিদের পছন্দের নৌকার প্রতীকে ভোট না দেওয়ার রোষে ঐ হামলা ও ধর্ষণের ঘটনা ঘটে। রায়ের পরই আসামিপক্ষের আইনজীবী আপিল করার কথা জানিয়েছেন। কুমিল্লা সেনানিবাস এলাকা থেকে ২০১৬ সালের ২০শে মার্চ সোহাগী জাহান তনুর মৃতদেহ উদ্ধার করা হয়েছিল। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী তনু সেনানিবাসের একটি বাসায় প্রাইভেট পড়াতে যেতেন। সেই বাসার পার্শ্ববর্তী জঙ্গল থেকে তার মরদেহ পাওয়া যায়। পরদিন বিকেলে তনুর বাবা কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস সহকারী ইয়ার হোসেন বাদী হয়ে কোতোয়ালী থানায় মামলা করে। সে সময় পুলিশ ধারণা করেছিলো, তাকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। তনু হত্যাকাণ্ডের পর বিচারের দাবিতে তার কলেজের শিক্ষার্থী, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন জোরালো আন্দোলন করেছিলো। তার মরদেহের দুই দফায় ময়না তদন্ত হয়েছে। প্রথম ময়না তদন্তের প্রতিবেদনে ধর্ষণের কোনও আলামত পাওয়া যায়নি এবং তনু কেন মারা গেছে তাও সুনির্দিষ্ট করে কিছু বলা হয়নি। দ্বিতীয় দফায় কবর থেকে মরদেহ তুলে ময়না তদন্ত হয়েছে। গত আট বছরে মামলার পাঁচবার মামলার তদন্ত কর্মকর্তা বদল করা হয়েছে। পুলিশ, সিআইডি পর এখন এর তদন্ত করছে পিবিআই। ২০১৬ সালে তদন্তকারী সংস্থা সিআইডি নিহত তনুর শরীর থেকে নেওয়া নমুনার ডিএনএ পরীক্ষা করে ধর্ষণের আলামত পাওয়ার কথা জানায়। সে সময় মামলার তদন্তকারী কর্মকর্তা সিআইডির কুমিল্লার বিশেষ পুলিশ সুপার নাজমুল করিম খান বিবিসি বাংলাকে বলেছিলেন, "ডিএনএ পরীক্ষার রিপোর্টে মোট চারজনের ডিএনএ প্রোফাইলের কথা বলা হয়েছে। এর মধ্যে একটি প্রোফাইল তনুর রক্তের, যেটি তাঁর দাঁত থেকে করা ডিএনএ প্রোফাইলের সঙ্গে মিলে গেছে"। "অপর তিনটি প্রোফাইল তিনজন পুরুষের, যাতে তিনজনের স্পার্মাটোজোয়া বা বীর্যের আলামত পাওয়া গেছে। ফলে সিআইডি সন্দেহ করছে হত্যার আগে তনুকে ধর্ষণ করা হয়েছিল" বলেছিলেন মি. খান। সবশেষ ২০২০ সালের ২১শে অক্টোবর মামলাটি সিআইডি থেকে পিবিআই-এর কাছে স্থানান্তর করা হয়। স্থানান্তরের প্রায় আড়াই বছর পর গত বছরের আগস্টে সাক্ষ্য গ্রহণের দিন ঠিক করেও নেয়া হয়নি সাক্ষ্য। পিবিআইয়ের তদন্ত কর্মকর্তা মুজিবুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "ইনভেস্টিগেশন চলছে এখনও। আরও সাক্ষ্য নেয়ার প্রয়োজন আছে। তদন্ত পর্যায়ে বিস্তারিত বলা যাবে না"। "তবে,

আরও গভীরভাবে তথ্য অনুসন্ধানের চেষ্টা করা হচ্ছে" বলে জানান মি. রহমান। অর্থাৎ আট বছর পরও এ ঘটনার তদন্ত শেষ হয় নি।

সোনাগাজী ইসলামিয়া ফাজিল মাদরাসার আলিম পরীক্ষার্থী নুসরাত জাহান রাফিকে ২০১৯ সালের ২৬শে মার্চ অধ্যক্ষ সিরাজ উদ-দৌলা তার অফিস কক্ষে ডেকে নিয়ে শ্লীলতাহানি করেন। এ ঘটনায় নুসরাতের মা শিরিন আক্তার বাদী হয়ে পরদিন সোনাগাজী মডেল থানায় অধ্যক্ষ সিরাজ উদ-দৌলাকে আসামি করে মামলা করেন। ওই দিনই অধ্যক্ষ সিরাজকে গ্রেপ্তার করে পুলিশ। তার বিরুদ্ধে অভিযোগ প্রত্যাহার না করায় অনুসারীরা ঘটনার ১০ দিন পর নুসরাতকে পরীক্ষাকেন্দ্র থেকে ছাদে ডেকে নিয়ে গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয়। এতে তার শরীরের ৮৫ শতাংশ পুড়ে যায়। পরে চিকিৎসাধীন অবস্থায় ১০ই এপ্রিল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে নুসরাতের মৃত্যু হয়। এ ঘটনায় নুসরাতের বড় ভাই মাহমুদুল হাসান বাদী হয়ে সোনাগাজী মডেল থানায় হত্যা মামলা করেন। ওই বছরই ফেনীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ১৬জন আসামিকে মৃত্যুদণ্ড ও জরিমানা করে। এই রায়ের বিরুদ্ধে আসামিদের করা আপিল উচ্চ আদালতে শুনানির অপেক্ষায় রয়েছে বলে জানান আইনজীবীরা। নুসরাতকে থানায় ডেকে জিজ্ঞাসাবাদের ভিডিও ধারণ করে তা প্রচারের ঘটনায় করা মামলায় সোনাগাজী মডেল থানার সাবেক ওসি মোয়াজ্জেম হোসেনকে একই বছর আট বছরের কারাদণ্ড দেয় আদালত।

বাংলাদেশে বছর চারেক আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী ধর্ষণের এমনই এক প্রেক্ষাপটে আন্দোলনের মুখে সরকার ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করেছে। বিশ্বের সপ্তম দেশ হিসেবে বাংলাদেশ ধর্ষণের শাস্তি হিসেবে মৃত্যুদণ্ডের বিধান করে। আইনে নির্ধারিত সময় থাকলেও বাংলাদেশে ধর্ষণের মামলাগুলোতে বিচারিক দীর্ঘসূত্রিতা থাকে বছরের পর বছর। সুপ্রিম কোর্টের আইনজীবী জ্যোতির্ময় বড়ুয়া বিবিসি বাংলাকে বলেন, "ক্রিমিনাল মামলাগুলোর তদন্ত দীর্ঘায়িত হওয়া থেকে শুরু করে সাক্ষী হাজির করতে না পারা-সহ প্রক্রিয়াগত বিষয়গুলি রাষ্ট্রীয় এজেন্সির বিষয়। এক্ষেত্রে ক্ষমতার ভারসাম্যও রাষ্ট্র কতটুকু করতে পারছে তার ওপর নির্ভর করে। তারা কতটুকু কাজ করতে পারছে, কাকে প্রাধান্য দেবে এটাও অনেক সময় হয়। ফলে সব কিছু মিলিয়ে বিচার বিলম্বিত হয়। তদন্ত থেকে শুরু করে মামলা দ্রুত নিষ্পত্তি সব বিষয়ে এক্ষেত্রে দায়ী থাকে রাষ্ট্র" বলেন মি. বড়ুয়া। (বিবিসি ওয়েব পেজ:০৬.০২.২০২৪ রিহাব)

## ভয়েস অব আমেরিকা

### কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা যুবককে গুলি করে হত্যা

বাংলাদেশের কক্সবাজার জেলার, কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পে গুলিতে নিহত হয়েছেন জলিল নামে এক যুবক। ঘর থেকে ডেকে নিয়ে তাকে খুন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। সোমবার (৫ ফেব্রুয়ারি) রাত ৭টার দিকে উখিয়া কুতুপালং ৪নং ক্যাম্পে এই হত্যাকাণ্ড ঘটনা ঘটে। নিহত রোহিঙ্গা যুবক জলিল রোহিঙ্গা ক্যাম্পের এফ-১২ ব্লকের বাসিন্দা মোহাম্মদ কামাল হোসেনের ছেলে। এ তথ্য নিশ্চিত করেছেন উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামীম হোসেন। তিনি জানান, রাত ৭টার দিকে উখিয়ার ৪নং ক্যাম্পের এফ-১২ ব্লকের বাসিন্দা জলিল নামে এক যুবকে অজ্ঞত কয়েকজন ঘর থেকে ডেকে পাহাড়ের দিকে নিয়ে যায়। পরে তাকে মারধর করে গুলি করে পালিয়ে যায়। "গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে ক্যাম্পের ভেতরের গণস্বাস্থ্য হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন" জানান ভারপ্রাপ্ত কর্মকর্তা শামীম হোসেন। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কক্সবাজার সদর হাসপাতালে পাঠানো হয়েছে বলে জানান এই পুলিশ কর্মকর্তা।

(ভোয়া ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ এলিনা)

### শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন মেলিন্ডা গেটস

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে নতুন মেয়াদের সূচনা করায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন, বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের কো-চেয়ার মেলিন্ডা ফ্রেঞ্চ গেটস। মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) এক চিঠিতে মেলিন্ডা গেটস বলেন, "আমরা এসডিজি ও সরকারের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশের উন্নয়ন লক্ষ্যমাত্রায় সমর্থন অব্যাহত রাখার আশা করছি।" তিনি বলেন, প্রযুক্তি ও উদ্ভাবন গ্রহণ করার ক্ষেত্রে, বাংলাদেশ আঞ্চলিক ও বৈশ্বিক উদাহরণে পরিণত হতে চলেছে এবং আমরা আপনাদের দূরদর্শী ডিজিটাল বাংলাদেশ উদ্যোগসহ আর্থিক অন্তর্ভুক্তি লক্ষ্য অর্জনে চলমান সহায়তা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ;" যোগ করেন মেলিন্ডা ফ্রেঞ্চ গেটস। তিনি আরো বলেন, "অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল ফাইন্যান্সিয়াল ইকোসিস্টেম গড়ে তুলতে আমাদের ফাউন্ডেশন এটুআই ও আইসিটির সঙ্গে অংশীদারিত্ব করেছে। আর, আপনাদের ২০৪১ সালের জন্য স্মার্ট বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নে অবদান রাখতে কেন্দ্রীয় ব্যাংকের সঙ্গে সহযোগিতা করছি আমরা।" মেলিন্ডা জানান, সবার জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে শেখ হাসিনার অঙ্গীকারকে তার ফাউন্ডেশন সমর্থন করে। জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে ধানের প্রজনন আধুনিকায়ন ও উৎপাদনশীলতা ধরে রাখতে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর সঙ্গে তার প্রতিষ্ঠান কাজ করেছে বলে জানান

তিনি। পুষ্টি বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনা সফলভাবে সম্পন্ন এবং জাতীয় খাদ্য ও নিরাপত্তা নীতি ২০২০-২০৩০ পাস করায় বাংলাদেশ সরকারকে অভিনন্দন জানান মেলিন্ডা ফ্রেঞ্চ গেটস।
(ভোয়া ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ এলিনা)

## শ্রম আইন সংশোধনে আরো আলোচনার পরামর্শ দিয়েছে আইএলও

বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, শ্রম আইন সংশোধনের বিষয়ে তাড়াহুড়ো না করে, আরো আলোচনা করা হলে ভালো হয় বলে পরামর্শ দিয়েছে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)। মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) দুপুরে সচিবালয়ে আইন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আইএলও-এর প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা জানান আনিসুল হক। "আজ আমরা শ্রম আইন সংশোধনের বিষয়ে বসেছিলাম। এর আগে সংশোধনীর কথা হয়েছিলো, সেখানে কিছু নতুন সংশোধনী আনার ব্যাপারে শ্রম মন্ত্রণালয় আমাকে জানিয়েছিলো। সে বিষয়ে আইএলও কিছু বক্তব্য দেয়ার জন্য আমাদের অনুরোধ করেছিলো;" যোগ করেন বাংলাদেশর আইনমন্ত্রী। তিনি আরো জানান, জেনেভা থেকে আইএলও'র চারজনের একটি টিম আজকে বৈঠকে ভার্চুয়ালি যুক্ত হয়েছিলেন। বৈঠকে শ্রম আইনের প্রায় প্রত্যেকটা ধারা নিয়ে আলোচনা হয়েছে। "আমরা চাইছিলাম, শ্রম আইন পার্লামেন্টের চলতি অধিবেশনে পাস করার জন্য। কিন্তু, আইএলও প্রতিনিধি দল বলেছেন, তাড়াহুড়ো না করে, আলোচনা করে আরো কিছু করতে পারলে ভালো হবে;" জানান আনিসুল হক। আইনমন্ত্রী আনিসুল হক বলেন, তাদের পরিষ্কারভাবে একটা কথা জিজ্ঞেস করা হয়েছে; আইএলও'তে বাংলাদেশের বিরুদ্ধে গত তিন বছর ধরে একটা অভিযোগ ঝুলে আছে, সেই অভিযোগের বিষয়ে কী অগ্রগতি হয়েছে। তিনি বলেন, "প্রত্যেকবারই আইএলও প্রতিনিধিরা বলেন যে, এটা মার্চ মাসে সিদ্ধান্ত হবে না, নভেম্বরে যাবে। আবার নভেম্বরে হবে না, মার্চে যাবে। আমি সেজন্য বলেছি মার্চ মাসের গভর্নর বডির মিটিংয়ে যদি বলেন, এটা আবার নভেম্বরে যাবে। সেটা তো আমরা নিতে রাজি না।" "তখন তারা বলেছেন, কমপ্রিহেন্সিভ লেবার অ্যাক্ট (সমন্বিত শ্রম আইন) তাদের পরামর্শ মিলিয়ে যদি করতে পারি, তাহলে এই মার্চ মাসে আমাদের অভিযোগ নিয়ে আলোচনায় প্রতিবন্ধকতা হবে না, বরং আমরা যে আলোচনাগুলো করছি, এর একটা ইতিবাচক প্রভাব পড়বে; আনিসুল হক জানান। আইনমন্ত্রী জানান, এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন নীতি নির্ধারকরা। এই আইনের কিছু কিছু বিষয় আছে, তা নিয়ে অংশীজনদের সঙ্গেও আলাপ করতে হবে। তাই দুটো বিষয়ে একমত হওয়া গিয়েছে। এর মধ্যে, একটা হচ্ছে এই মিটিং আবার অনুষ্ঠিত হবে। আইএলও'র উদ্যোগে অংশীজনদের নিয়ে একটি ফ্যাসিলিটি মিটিং হবে। সেখানে যেসব ইস্যু নিয়ে মতপার্থক্য আছে, সেগুলো আলোচনা হবে। তারা কী পরামর্শ দিয়েছে জানতে চাইলে আইনমন্ত্রী আনিসুল হক জানান, তারা বলছেন, 'সী ম্যান' এর নাম বদলিয়ে 'সী ফেয়ারার' নাম করতে হবে; আর ম্যানেজার ও সুপারভাইজার পদকে ওয়ার্কার হিসেবে উল্লেখ করতে হবে। "আরো একটা কথা এসেছিলো, ইউনিভার্সিটি টিচারদের ওয়ার্কার বলতে হবে, আমি সেটা নাকচ করে দিয়েছি। আমি বলেছি, ইউনিভার্সিটি টিচারদের আমরা ওয়ার্কার বলতে পারবো না;" জানান তিনি। আনিসুল হক আরো বলেন, "কারণ হচ্ছে, ইউনিভার্সিটি টিচাররা চান না যে, তাদের ওয়ার্কার বলা হোক। আমরাও তাদের ওয়ার্কার-এ সংজ্ঞায় আনতে চাই না।" ট্রেড ইউনিয়ন করার ক্ষেত্রে ১০ শতাংশ শ্রমিকের সম্মতি নিয়ে কোন আলোচনা হয়েছে কি না জানতে চাইলে আইনমন্ত্রী বলেন, "এবিষয়ে কোনো আলোচনাই হয়নি।" আনিসুল হক জানান, আগে এই হার ছিলো ১৫ শতাংশ, শুধু যেসব কারখানায় তিন হাজার বা তার উর্ধ্বে শ্রমিক আছে তাদের বেলায় প্রযোজ্য ছিলো। এখন সেটা তুলে দেয়া হচ্ছে। সকল ক্ষেত্রেই ১৫ শতাংশ প্রযোজ্য হবে। (ভোয়া ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ এলিনা)

## মিয়ানমার সীমান্তে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে : বিজিবি মহাপরিচালক

মিয়ানমার সীমান্তে সংঘর্ষ ও উত্তেজনার মধ্যে, বর্ডার গার্ড বাংলাদেশ-এর মহাপরিচালক জানিয়েছেন যে সীমান্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তিনি জানান, এখন পর্যন্ত মিয়ানমারের ২৬৪ জন বিজিপি ও সেনা সদস্য পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। বিজিবির জনসংযোগ বিভাগ জানিয়েছে মিয়ানমার সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির মধ্যে সংঘর্ষের মধ্যে, মিয়ানমারের আরো ১২৩ জন বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) ও সেনা সদস্য বাংলাদেশে পালিয়ে এসেছে। বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর সংখ্যা ২২৯ জনে দাঁড়িয়েছে। বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানান, মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘর্ষের কারণে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার তুমব্রু সীমান্ত দিয়ে আরো ১২৩ জন বিজিপি সদস্য অস্ত্র ও গোলাবারুদ নিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। তাদের নিরস্ত্র করে নিরাপদ আশ্রয়ে রেখেছে বিজিবি; জানান তিনি। বলেন, রবিবার (৪ ফেব্রয়ারি) সকাল থেকে বিজিপি সদস্যরা বাংলাদেশে আশ্রয় নিতে শুরু করেন। বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী বলেন, মিয়ানমার সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির মধ্যে সংঘর্ষে দেশটির নিরাপত্তা বাহিনীর সদস্যরা বাংলাদেশে পালিয়ে আসছে। এ পর্যন্ত মিয়ানমার থেকে ২৬৪ জন বিজিপি ও সেনা সদস্য পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে বলে জানান তিনি। সীমান্ত পরিস্থিতি এখন

নিয়ন্ত্রণে রয়েছে বলে জানান তিনি। বলেন, "আমরা আন্তর্জাতিক সম্পর্ক বজায় রেখে যতটা সম্ভব মানবিক উপায়ে পরিস্থিতি মোকাবেলার চেষ্টা করছি।" মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) দুপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় এ কথা বলেন নবনিযুক্ত বিজিবি মহাপরিচালক। বিজিবি মহাপরিচালক জানান, সোমবার (৫ ফেব্রুয়ারি) রাত পর্যন্ত ১১৫ জন ও মঙ্গলবার (৬ ফেব্রয়ারি) সকালে আরো ১১৪ জন মিয়ানমার সীমান্তরক্ষী আত্মসমর্পণ করেছেন। দুপুরে যোগ হয় আরো ৩৫ জন। সব মিলিয়ে বাংলাদেশের সীমান্ত রক্ষীদের কাছে, মিয়ানমার নিরাপত্তা বাহিনীর ২৬৪ জন সদস্য আত্মসমর্পণ করেছেন। "আমরা তাদের আশ্রয় দিয়েছি, খাবারের ব্যবস্থা করেছি। এরমধ্যে ১৫ জন আহত ছিলো; ৮ জন গুরুতর আহত। এদের মধ্যে ৪ জনকে কক্সবাজার ও ৪ জনকে চট্রগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে;" জানান বিজিবি মহাপরিচালক। মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী জানান, দুর্ভাগ্যজনকভাবে একজন রোহিঙ্গা ও একজন নারী নিহত হয়েছেন। "এসব মৃত্যু কোনোভাবেই কাম্য নয়। এমন পরিস্থিতি সমাধান করতে আমরা চেষ্টা করছি;" তিনি বলেন। "নৌকাযোগে ৬৫ জন রোহিঙ্গা বাংলাদেশে আসার চেষ্টা করলে তাদের গ্রেফতার করে পুশব্যাকের চেষ্টা চলছে। কোনো অবস্থাতেই রোহিঙ্গাদের ঢুকতে দেয়া হবে না" যোগ করেন মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী।

ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত অং কিউ মোয়েকে তলব করে বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত পরিস্থিতির কড়া প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (মিয়ানমার উইং) মিয়া মো. মাইনুল কবির রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক বৈঠকে মিয়ানমারের রাষ্ট্রদূতের কাছে একটি প্রতিবাদলিপি হস্তান্তর করেন। এদিকে, বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের জলপাইতলীতে একটি বাড়িতে সোমবার মর্টার শেল এসে পড়ায় এক নারীসহ দুইজন নিহত হয়েছেন। নিহতদের একজন বাদশা মিয়ার স্ত্রী হোসনে আরা (৫০)। অপরজনের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে নিজেদের বাঁচাতে বাংলাদেশের ভূখণ্ডে পালিয়ে বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) সদস্যদের ফিরিয়ে নিতে বাংলাদেশের সঙ্গে যোগাযোগ করেছে মিয়ানমার। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের বলেন, "আমরা সার্বক্ষণিক যোগাযোগ রাখছি। তারা তাদের বিজিপি সদস্যদের ফিরিয়ে নিতে চায়।" "মিয়ানমার সরকার বাংলাদেশের সঙ্গে যোগাযোগ করছে, কারণ তারা (বিজিপি সদস্যরা) ফিরে যেতে চায়। উভয় দিক থেকে যোগাযোগ চলছে;"উল্লেখ করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মিয়ানমারে চলমান সংঘাত তাদের অভ্যন্তরীণ বিষয়। বাংলাদেশের সঙ্গে তাদের এ নিয়ে কোনো বিরোধ নেই। মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেসব্রিফিংয়ে এ কথা বলেন তিনি। তিনি বলেন, "মিয়ানমারের সঙ্গে সীমান্ত সমস্যা নিয়ে কিছু থাকলে তাদের রাষ্ট্রদূতকে ডেকে জানানোর পাশাপাশি, বিষয়টি জাতিসংঘের নজরে আনবে বাংলাদেশ।" রোহিঙ্গা সমস্যা আন্তর্জাতিকভাবে সমাধানের প্রয়াস চলছে বলে জানান ওবায়দুল কাদের। তিনি বলেন, "শুধু মিয়ানমার নয়, আমরা কারো সঙ্গে যুদ্ধে জড়াতে চাই না। যে কোনো সমস্যা আলাপ-আলোচনার মাধ্যমে সমাধানে আমাদের সিদ্ধান্ত আছে।" "বাংলাদেশের সঙ্গে যদি মিয়ানমারের দ্বন্দ্বের কোনো বিষয় আসে, তাহলে জাতিসংঘের দৃষ্টি আকর্ষণ করবো। আর আন্তর্জাতিক ফোরাম আছে। জাতিসংঘের একটা ভূমিকা থাকবে;" উল্লেখ করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

এদিকে, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি মিয়ানমার সীমান্তে চলমান উত্তেজনায় উদ্বেগ প্রকাশ করেছে। আর, ক্ষমতাসীন আওয়ামী লীগের নতজানু পররাষ্ট্রনীতির কারণে বাংলাদেশের সীমান্ত অরক্ষিত হয়ে পড়েছে উল্লেখ করে সরকারের সমালোচনা করেছে। সোমবার (৫ ফেব্রুয়ারি) নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে, এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সীমান্তে অপ্রীতিকর ঘটনার জোরালো প্রতিবাদ জানাতে না পারায় বাংলাদেশের সার্বভৌমত্ব ও প্রতিপত্তি রক্ষায় সরকারের অঙ্গীকার নিয়েও প্রশ্ন তোলেন তিনি। রিজভী বলেন, "আমাদের সীমান্ত এখন অরক্ষিত। সরকারের নতজানু নীতির কারণে সেখানে রক্ত ঝরছে।" সরকার বাংলাদেশের সার্বভৌমত্বকে দুর্বল করায়, মিয়ানমার সীমান্তে গোলযোগ সৃষ্টি করার দুঃসাহস দেখাচ্ছে বলে উল্লেখ করেন রুহুল কবির রিজভী। বর্তমান সরকারের সক্ষমতা ও জনসমর্থন না থাকায়, প্রতিবাদ করতে ভয় পায় বলে উল্লেখ করেন বিএনপির সিনিয়র যুগ্মমহাসচিব। তিনি বলেন, "অন্য কোনো দেশ যখন আমাদের সার্বভৌমত্ব বিপন্ন করছে, তখন তাদের (সরকারের) জনসমর্থন না থাকায় তারা কিছুই করতে পারছে না। তারা ক্ষমতা দখল করে এবং জনগণকে জিম্মি করে অন্যের আধিপত্য মেনে নিয়েছে।" (ভোয়া ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### তাড়াহুড়ো করে শ্রম আইন সংশোধন না করতে আইএলও'র আহ্বান

বাংলাদেশের শ্রম আইনের সংশোধন নিয়ে তাড়াহুড়ো না করতে সে দেশের সরকারের প্রতি আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক শ্রম সংস্থা বা আইএলও। আজ সচিবালয়ে আইনমন্ত্রী আনিসুল হকের সাথে বৈঠকে এই আহ্বান জানায় সংস্থাটি। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

বাংলাদেশের শ্রম আইনের সংশোধন নিয়ে তাড়াহুড়ো না করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)। আজ (মঙ্গলবার) সচিবালয়ে আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে বৈঠকে এ আহ্বান জানায় সংস্থাটি। বৈঠক শেষে আইনমন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। আইএলওর সঙ্গে কী আলোচনা হলো এবং তারা আবার কোন কোন বিষয়ে সংশোধনের কথা বলেছেন- এমন প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, শ্রম আইনের সংশোধন বিষয়ে বৈঠক ছিল। এর আগে যখন বসেছিলাম তখন যে সংশোধনীর কথা বলা হয়েছিল, সেখানে আরো কিছু নতুন সংশোধনী আনার ব্যাপারে শ্রম মন্ত্রণালয় আমাকে জানিয়েছিল। সে বিষয়ে আইএলও কিছু বক্তব্য দেওয়ার জন্য তারা অনুরোধ জানিয়েছে (স্বকণ্ঠে) : এবং তারা এটাও অনুরোধ জানিয়েছিলেন গত দুদিন আগে বোধ হয় যে,জেনেভা আইএলও র একটা টিম আমাদের এই মিটিংয়ে থাকতে চান এবং আজকে তারা ছিলেন। তারা চারজন ছিলেন। আমরা সেখানে প্রত্যেকটা ধারা নিয়ে আলোচনা করা শুরু করি। মন্ত্রী বলেন, আমরা চাচ্ছিলাম শ্রম আইনটা এই পার্লামেন্টে পাস করার জন্য। কিন্তু তারা যে পরামর্শ দিয়েছে সেটা করতে গেলে এই পার্লামেন্টে তা ইনকর্পোরেট করব কি করব না, সেটার সিদ্ধান্ত নিতে পারব না। আইনমন্ত্রী বলেন, এটার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে নীতি নির্ধারকরা। আর তার থেকে গুরুত্বপূর্ণ হলো প্রধানমন্ত্রী এই মন্ত্রণালয়ের (শ্রম) মন্ত্রী, প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত অনুযায়ী চূড়ান্ত কাজ আমরা করতে পারব। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৬.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### মিয়ানমারের বিজিপি-সেনাসহ ২৬৪ জন বাংলাদেশে; রোহিঙ্গা ঢুকতে দেবে না বিজিবি

মিয়ানমারের দেশটির সেনাবাহিনীর সঙ্গে বিদ্রোহ গোষ্ঠীগুলোর সংঘর্ষের ঘটনা বেড়ে যাওয়ার প্রেক্ষিতে সেখানে এক ধরনের গৃহযুদ্ধ চলছে। দেশটির এ পরিস্থিতি নতুন করে চিন্তায় ফেলেছে বাংলাদেশকে। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধি :

বাংলাদেশের প্রতিবেশী রাষ্ট্র মিয়ানমার। কয়েক সপ্তাহ ধরে অনেক বেশি অস্থিতিশীল হয়ে উঠেছে দেশটি। সেখানকার সেনাবাহিনীর সঙ্গে বিদ্রোহী গোষ্ঠীগুলোর সংঘর্ষের ঘটনা বেড়ে গেছে কয়েকগুণ। বলা যেতে পারে সেখানে এখন গৃহযুদ্ধ চলছে। দেশটির এ পরিস্থিতি নতুন করে চিন্তায় ফেলেছে বাংলাদেশকে। আগে থেকে আশ্রয় নেওয়া ১০ লাখ রোহিঙ্গা নিয়ে ইতোমধ্যেই কঠিন পরিস্থিতি তৈরি হয়েছে। বারবার প্রত্যাবাসনের উদ্যোগ নেওয়া হলেও এখন পর্যন্ত একজন রোহিঙ্গাকেও ফেরত পাঠানো যায়নি। এ অবস্থায় আবারও যদি রোহিঙ্গাদের ঢল নামে কিংবা সেখানকার অন্য কোন জনগোষ্ঠী সীমান্ত অতিক্রম করে তাহলে পরিস্থিতি আরও জটিল হয়ে উঠবে। এমন অবস্থার মধ্যে আজ (মঙ্গলবার) দুপুর পর্যন্ত মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর (বর্ডার গার্ড পুলিশ-বিজিপি) ২৬৪ জন সদস্য আশ্রয় নিয়েছেন বাংলাদেশের ভূ-খণ্ডে। এসবের পরেও সীমান্ত পরিস্থিতি বিজিবির নিয়ন্ত্রণে আছে বলে জানিয়েছেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) নবনিযুক্ত মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী (স্বকণ্ঠে) : পরিকল্পনা যেটা এটা আপনারা দেখেছেন সরকারের বিভিন্ন পর্যায় থেকে। আমাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় মিয়ানমারের সাথে যোগাযোগ রেখে তাদেরকে প্রত্যাবর্তনের ব্যবস্থা করা হচ্ছে। তিনি বলেছেন, কোনোভাবেই নতুন করে আর কোনো রোহিঙ্গা নাগরিককে বাংলাদেশে প্রবেশ করতে দেয়া হবে না। তবে, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মিয়ানমারের সঙ্গে আমাদের কোনো বিরোধ নেই। রোহিঙ্গা ইস্যুতে যে সমস্যা সেটা আন্তর্জাতিকভাবে সমাধানের চেষ্টা চলছে (স্বকণ্ঠে): বিষয়টা তাদের অভ্যন্তরীণ জটিলতা। মিয়ানমার সীমান্তের ওপার থেকে আসা মর্টারশেলের আঘাতে দুজনের মৃত্যুর ঘটনায় ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত অং কিউ মোয়েকে তলব করে প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৬.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## ডয়চে ভেলে

### নিরাপত্তা, দারিদ্র্যের কারণে বেড়েই চলেছে বাল্যবিবাহ

বাংলাদেশে ১৫ বছরের কম বয়সী শিশুদের বিয়ে ৫০ শতাংশ বেড়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) জরিপে এমন তথ্য উঠে এসেছে। সামাজিক নিরাপত্তা, দারিদ্র্য ও সচেতনার অভাবে বাল্যবিয়ে কমানো যাচ্ছে না। বরং প্রতি বছরই বাড়ছে। সরকারি নানা পদক্ষেপ, বেসরকারি প্রতিষ্ঠানগুলোর উদ্যোগও কাজে আসছে না। বিশেষজ্ঞরা বলছেন, আর্থিক সংকটের কারণে মূলত নিম্নবিত্ত মানুষ কম বয়সে মেয়েদের বিয়ে দিচ্ছেন। 'বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স ২০২২' শিরোনামের চূড়ান্ত প্রতিবেদনটি গত বুধবার প্রকাশ করেছে বিবিএস। প্রতিবেদনে দেখা যায়,

২০২২ সালে ১৫ বছরের বেশি কিন্তু ১৮ বছরের কম বয়সি মেয়েদের বিয়ের ঘটনা বেড়ে ৪০ দশমিক ৮৫ শতাংশে পৌঁছেছে। আগের বছর যা ছিল ৩২ দশমিক ৩৬ শতাংশ। অন্যদিকে, ১৫ বছরের কম বয়সি মেয়েদের বিয়ের ঘটনা আগের বছরের চেয়ে ২০২২ সালে প্রায় ৫০ শতাংশ বেড়েছে। এ ধরনের বিয়ের ঘটনা বেড়ে হয়েছে ছয় ৬ দশমিক ৪৬ শতাংশ, যা আগের বছর ছিল চার দশমিক ৭২ শতাংশ।

বিবিএসের এসডিজি প্রকল্পের পরিচালক আলমগীর হোসেন ডয়চে ভেলেকে বলেন, ‘‘যে লক্ষ্যে জরিপ, সে সংক্রান্ত তথ্যই সাধারণত আমরা সংগ্রহ করে থাকি। তাই জরিপ থেকে বাল্যবিয়ের কারণ খোঁজা হয়নি। তবে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহে আমরা যেসব কারণ জানতে পেরেছি তার মধ্যে অন্যতম হলো, বাবা-মায়ের চোখে সামাজিক নিরাপত্তার অভাব, দারিদ্র্য ও সচেতনতার অভাব। বয়স লুকিয়ে আদালতের মাধ্যমে বিয়ের ঘটনাও বাড়ছে। বিয়ে অনুষ্ঠানের ব্যয় এবং ঝামেলা এড়াতে বাবা-মা এতে সহযোগিতা করছেন। তবে আমাদের কাছে মেয়েদের বয়সের তথ্য থাকায় আমরা বিষয়টি শনাক্ত করতে পেরেছি। এ ছাড়া করোনা অতিমারির অভিঘাতও বাল্যবিয়ের কারণ হতে পারে। ওই সময় শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ছিল। ভবিষ্যৎ নিয়ে হতাশা ছিল বাবা-মায়ের মধ্যে।”

গত ডিসেম্বরে ‘কনে হওয়ার জন্যই জন্ম' এই শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করেছে ব্র্যাকের সোশ্যাল এমপাওয়ারমেন্ট অ্যান্ড লিগ্যাল প্রোটেকশন (সেলপ) কর্মসূচি। বাল্যবিবাহের প্রবণতা ও কারণ জানতে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচি ২৭টি জেলায় এই জরিপ চালিয়েছে। জরিপের তথ্য বলছে, এসব জেলায় ৪৪ দশমিক সাত শতাংশ মেয়ে ১৮ বছরের আগেই বাল্যবিবাহের শিকার হয়। ব্র্যাকের গবেষণায় দেখা যায়, বাল্যবিয়ের শিকার মেয়েদের ছয় দশমিক নয় শতাংশের বয়স ১৫ বছরের নিচে। এর মধ্যে শীর্ষে রয়েছে পিরোজপুর, সেখানে বাল্যবিয়ের হার ৭২ দশমিক ছয় শতাংশ। এই হার সবচেয়ে কম নেত্রকোনায় ২৪ দশমিক এক শতাংশ। শীর্ষে থাকা অন্য জেলাগুলোর মধ্যে চাঁপাইনবাবগঞ্জে বাল্যবিয়ের হার ৬৫ দশমিক দুই শতাংশ, নওগাঁয় ৬৫ দশমিক দুই শতাংশ, ঠাকুরগাঁওয়ে ৬২ দশমিক পাঁচ শতাংশ এবং জয়পুরহাটে ৬১ দশমিক চার শতাংশ। এছাড়া যোগ্যপাত্র পাওয়ার কারণে মেয়েকে বিয়ে দিয়ে দিয়েছেন ৪৪ শতাংশ অভিভাবক। কারণগুলোর মধ্যে ১৮ শতাংশ দারিদ্র্য, ১০ শতাংশ বরপক্ষ যৌতুক কম বা না চাওয়া, সাত শতাংশ সামাজিক নিরাপত্তার অভাব, মেয়ে পড়ালেখায় ভালো না হওয়াকে ৬ শতাংশ এবং অন্যান্য কারণের কথা বলেছেন আরও ১৫ শতাংশ অভিভাবক।

ব্র্যাকের গবেষণা থেকে জানা গেছে, বাংলাদেশের ৬০ শতাংশেরও বেশি পরিবারে বাল্যবিবাহের চর্চা হচ্ছে। গত পাঁচ বছরে এসব পরিবারে যেসব মেয়ের বিয়ে দেওয়া হয়েছে অথবা পুত্রবধূ হিসেবে যারা এসেছে তাদের বয়স বিয়ের সময় ১৮ বছরের কম ছিল। এছাড়া ৫৬ শতাংশ বাল্যবিবাহের শিকার মেয়েদের মাধ্যমিক পাশ করার আগেই বিয়ে হয়ে গেছে বলে ব্র্যাকের এই গবেষণায় উঠে এসেছে। অ্যাকশন এইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির ডয়চে ভেলেকে বলেন, "বাল্যবিয়ের আরেকটি বড় কারণ হচ্ছে জলবায়ুর প্রভাব। অনেক এলাকার মানুষকে প্রতিনিয়তই বাড়িঘর ছাড়তে হচ্ছে। ফলে যে কোন বিপর্যয়ের আগে অভিভাবক মেয়েকে বিয়ে দিয়ে দিচ্ছেন। কারণ তাদেরই গন্তব্যের ঠিক নেই, মেয়ে সঙ্গে রাখাকে তারা বাড়তি ঝামেলা মনে করছেন। পাশাপাশি করোনা পরবর্তী সময়ে আর্থিক সমস্যাও একটা কারণ। সামাজিক নিরাপত্তার কারণে অনেক অভিভাবক মেয়েকে নিয়ে উদ্বিগ্ন থাকেন। সবকিছু মিলিয়েই বাল্যবিয়ে কমানো যাচ্ছে না।” বিশ্ব জনসংখ্যা পরিস্থিতি-২০২৩ প্রতিবেদনের তথ্য অনুসারে, ২০৪টি দেশ ও অঞ্চলের মধ্যে বাল্যবিবাহের হারের দিক দিয়ে বিশ্বে বাংলাদেশের অবস্থান পঞ্চম এবং এশিয়ায় প্রথম। বাংলাদেশ জনমিতি ও স্বাস্থ্য জরিপ (বিডিএইচএস) ২০২২ প্রতিবেদন অনুসারে, দেশে ১৮ বছরের কম বয়সি মেয়েদের বিয়ে বা বাল্যবিবাহের হার ৫০ শতাংশ। জরিপ প্রতিবেদনে বলা হয়েছে, মাধ্যমিক শিক্ষা কার্যক্রম শেষ করার দ্বারপ্রান্তে চলে আসা মেয়েরা সবচেয়ে বেশি বাল্যবিবাহের ঝুঁকিতে রয়েছে। ১৬-১৭ বছর বয়সি মেয়েদের বিয়ের হার ৬৩ শতাংশের বেশি। স্কুল থেকে ঝরে পড়া মেয়েদের চেয়ে পড়াশোনায় থাকা অবস্থায় সবচেয়ে বেশি বাল্যবিবাহ হয়েছে। এ হার ৫৬ শতাংশ। বাকি ৪৪ শতাংশ বাল্যবিবাহ হওয়া মেয়েদের কেউ ছয় মাস, কেউ এক থেকে সাত বছরের বেশি সময় স্কুলে পড়েছে, আবার কেউ কখনোই স্কুলে যায়নি।

এত উদ্যোগের পরও কেন থামানো যাচ্ছে না বাল্যবিয়ে? জানতে চাইলে ফাউন্ডেশন ফর ল' এন্ড ডেভেলপমেন্টের চেয়ারপার্সন সিনিয়র আইনজীবী ফৌজিয়া ফিরোজ ডয়চে ভেলেকে বলেন, "সামাজিক একটা চাপ তো থাকেই। আর এখন দেখছেন যে, বিশ্ববিদ্যালয়ে ধর্ষণ হয়ে যাচ্ছে। বাংলাদেশে এই ধরনের সংকট এখন অনেক বেড়ে গেছে। এখন তো সামাজিক দ্বন্দ্ব, রাজনৈতিক দ্বন্দ্ব অনেক বেড়ে গেছে। একজন রাজনৈতিক কর্মী নিজেকে সবার উপরে মনে করে। ফলে সে যা খুশি তাই করতে পারে। আবার দেখেন ফ্রি এডুকেশনের কথা আমরা বলছি। আসলে কি ফ্রি? অনেক কিছুই কিনতে হচ্ছে। সরকারের দেওয়া বইও কোথাও কোথাও কিনতে হয়। এই খরচটা অনেক অভিভাবক সামলাতে পারছেন না। আবার মোবাইল ফোনের সহজলভ্যতার কারণে অনেক ছেলে-মেয়ে নষ্ট হয়ে যাচ্ছে। অনেক সময় বিয়ে ছাড়া সমাধান হয় না।” বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী, নারীর বিয়ের ন্যূনতম বয়স ১৮। এ বয়সের আগে বিয়ের ঘটনাকে মৌলিক মানবাধিকারের লঙ্ঘন বিবেচনা করা হয়। কারণ, বাল্যবিয়ের কারণে অপরিণত বয়সে অনেক মেয়ে মা

হন। এতে তার যেমন স্বাস্থ্যঝুঁকি তৈরি হয়, তেমনি শিক্ষাজীবন বাধাগ্রস্ত হওয়ায় কর্মক্ষেত্রে যুক্ত হওয়ার সুযোগও কমে যায়।

স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্সকে বিবিএস-এর মৌলিক জরিপগুলোর অন্যতম হিসেবে বিবেচনা করা হয়। এতে জনমিতির ১৩৮টি সূচকের তথ্য-উপাত্ত রয়েছে। এ ছাড়া টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) ২৭ সূচক এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনার ১৭টি সূচকের তথ্য-উপাত্ত রয়েছে সেখানে। সারাদেশের ২ হাজার ১২টি নমুনা এলাকার প্রায় ১৩ লাখ মানুষের কাছ থেকে জরিপের তথ্য সংগ্রহ করা হয়েছে। বিবিএসের প্রতিবেদনে দেখা যায়, বাল্যবিয়ের ঘটনার দিক থেকে সারাদেশের মধ্যে রাজশাহী বিভাগের অবস্থা সবচেয়ে নাজুক। এ বিভাগে বাল্যবিয়ের ঘটনা সারাদেশের মোট বাল্যবিয়ের গড়ের দ্বিগুণ। ১৫ বছরের আগে বাল্যবিয়ের ঘটনা রাজশাহীতে ১১ দশমিক ৯৮ শতাংশ। দ্বিতীয় অবস্থানে থাকা খুলনা বিভাগের এ হার ৯ দশমিক ৩৮ শতাংশ। বাল্যবিয়ের ঘটনা কমে আসার দিক থেকে সবচেয়ে ভালো অবস্থানে আছে সিলেট বিভাগ। এ বিভাগে এ ধরনের ঘটনা এক দশমিক ০৪ শতাংশ। অন্যদিকে, ১৫ বছরের বেশি কিন্তু ১৮ বছরের কম বয়সসীমার বাল্যবিয়ের ঘটনাও রাজশাহী বিভাগেই বেশি। রাজশাহীতে এ বয়সসীমার মেয়েদের বিয়ের ঘটনা ৫২ দশমিক ২১ শতাংশ। এ হারের দিক থেকে দ্বিতীয় অবস্থানে আছে বরিশাল। সেখানে এ বয়সি মেয়েদের বিয়ের হার ৪৯ দশমিক ৮৭ শতাংশ। এ ক্ষেত্রেও সারাদেশের মধ্যে সিলেটের অবস্থান ভালো। সিলেটে এ ধরনের বিয়ের ঘটনা মাত্র ১৪ দশমিক ৮৬ শতাংশ।

বিবিএস বলছে, দেশের সম্পদশালী পরিবারের মধ্যেও বাল্যবিয়ের প্রবণতা বাড়ছে। এ শ্রেণির ১৫ বছরের কম বয়সি মেয়েদের বিয়ের গড় হার দুই দশমিক ৯০ শতাংশ। ১৫ বছরের বেশি ১৮ বছরের কম বয়সসীমার মেয়েদের বিয়ের হার ২৪ দশমিক ৯৫ শতাংশ। তবে অতিদরিদ্র্য পরিবারে বাল্যবিয়ের ঘটনা তুলনায় বেশি। অতিদরিদ্র পরিবারে ১৫ বছরের কম বয়সী মেয়েদের বিয়ের গড় হার ৮ দশমিক ০১ শতাংশ। অন্যদিকে, ১৮ বছরের মধ্যে থাকা বয়সিদের অতিদরিদ্র পরিবারে এই হার ৪৯ দশমিক ৪২ শতাংশ। জনসংখ্যা বিশেষজ্ঞ ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক এ কে এম নুরুন্নবী ডয়চে ভেলেকে বলেন, "বাল্যবিয়ে বাড়ার আকস্মিক এ প্রবণতা কোনোভাবেই কাম্য নয়। বাল্যবিয়ের ঘটনা আর্থসামাজিক অনেক সমস্যা তৈরি করে। এ ধরনের প্রবণতায় দেশ পিছিয়ে পড়ে। ১৮ বছর বয়সের আগে কোনো মেয়ের প্রজনন স্বাস্থ্য পরিপুষ্ট হয় না। এ কারণে আইন করে বিয়ের ন্যূনতম বয়সসীমা ১৮ বছর নির্ধারণ করা হয়েছে। অপরিণত বয়সে বিয়ের পর একটি মেয়েকে সামাজিকভাবে অনেক পরিণত দায়িত্ব নিতে হয়। বিয়ের এক বছরের মাথায় সন্তান জন্ম দিয়ে তাকে প্রমাণ দিতে হয়, সে বন্ধ্যা নয়। এতে মেয়েটার জীবন বিপন্ন হয়ে পড়ে। মাতৃমৃত্যু এবং শিশুমৃত্যুর অন্যতম বড় কারণও বাল্যবিয়ে। সামাজিক নিরাপত্তার অভাবে বাল্যবিয়ের ঘটনা বাড়ছে। শুধু আইন দিয়ে এ ধরনের প্রবণতা রোধ করা যাবে না।" মহিলা অধিদপ্তরের একজন কর্মকর্তা বলেন, "আমাদের এসডিজির প্রধান অন্তরায় বাল্যবিবাহ। বাল্যবিবাহ বন্ধের জন্য সরকার বিভিন্ন সুযোগ সুবিধা দিচ্ছে, যেন বাল্যবিবাহটা না হয়। যে ঘরে কিশোরী মেয়ে আছে, আমরা সেই কিশোরীর মাকে প্রাধান্য দিয়ে থাকি, তাকে চাল দেওয়া হয় এই শর্তে যে, তাদের খাদ্যের নিরাপত্তা আছে, মেয়েটারও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। আমাদের কিশোর কিশোরী ক্লাব আছে, এছাড়া আরো নানা ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। তারপরও কিছুতেই কমানো যাচ্ছে না বাল্যবিয়ে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ:০৬.০২.২০২৪ রিহাব)

## মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব করে প্রতিবাদ বাংলাদেশের

মিয়ানমার-বাংলাদেশ সীমান্তের চলমান পরিস্থিতি নিয়ে মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব করে প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। মঙ্গলবার সকালে মিয়ানমারের রাষ্ট্রদূত অং কিউ মোয়েকে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় তলব করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (মিয়ানমার অণু বিভাগ) মিয়া মো. মাইনুল কবির। সেসময় তাদের মধ্যে বৈঠকে মিয়ানমারের রাষ্ট্রদূতকে এক প্রতিবাদ-লিপি পেশ করেন মাইনুল কবির। সোমবার বান্দরবানের তুমব্রু সীমান্তে মিয়ানমার থেকে আসা মর্টার শেলের আঘাতে দুজন (এক বাংলাদেশি ও এক রোহিঙ্গা) নিহত হন। এছাড়া, মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনাবাহিনী ও বিদ্রোহী আরাকান আর্মির লড়াইয়ের মধ্যে মর্টার শেল বা বুলেটের আঘাতে আরও বেশ কয়েকজন বাংলাদেশি আহত হয়েছেন। মঙ্গলবার সকাল পর্যন্ত মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) মোট ১১৩ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ:০৬.০২.২০২৪ রিহাব)

# এনএইচকে

## আনরোয়ার পরিস্থিতি পর্যালোচনার জন্য স্বাধীন প্যানেল চালু করার ঘোষণা দিয়েছেন জাতিসংঘ প্রধান

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস গাজায় ফিলিস্তিনিদের জন্য সহায়তা প্রদানকারী জাতিসংঘের সংস্থাটির নিরপেক্ষতা মূল্যায়নের জন্য একটি স্বাধীন পর্যালোচনা গ্রুপ গঠনের ঘোষণা দিয়েছেন। নিকটবর্তী প্রাচ্যে ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের ত্রাণ ও কর্ম সংস্থা বা আনরোয়ার কয়েকজন কর্মী ৭ই অক্টোবর ইসরায়েলে হামাসের মারাত্মক হামলায় জড়িত থাকার অভিযোগের পরে এই পদক্ষেপ নেয়া হয়। গুতেরেস সোমবার বলেন যে প্রাক্তন ফরাসি

পররাষ্ট্রমন্ত্রী ক্যাথরিন কোলোনা সুইডেন, নরওয়ে এবং ডেনমার্কের তিনটি গবেষণা সংস্থার সহযোগিতায় এই পর্যালোচনায় নেতৃত্ব দেবেন। পর্যালোচনা চালানো গ্রুপটি ১৪ই ফেব্রুয়ারি তাদের কাজ শুরু করবে। এপ্রিলের শেষের দিকে একটি চূড়ান্ত প্রতিবেদন আশা করা হচ্ছে। প্রধান দাতা দেশগুলো এই অভিযোগের প্রতিক্রিয়ায় আনরোয়ার জন্য তাদের অর্থায়ন বন্ধ করে দিয়েছে। সংস্থাটি জানিয়েছে যে তহবিল স্থগিত থাকলে ফেব্রুয়ারি মাসের শেষের দিকে তারা তাদের কার্যক্রম বন্ধ করতে বাধ্য হতে পারে। জাতিসংঘের মুখপাত্র স্টিফেন ডুজারিক সাংবাদিকদের বলেন যে গাজার প্রায় ২ মিলিয়ন মানুষ তাদের বেঁচে থাকার জন্য আনরোয়ার সহায়তার উপর নির্ভরশীল। তিনি জাতিসংঘের সদস্য দেশগুলোকে উদারতা ও সংহতি দেখানোর আহ্বান জানান। (এনএইচকে ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ এলিনা)

## রেডিও টুডে

### মিয়ানমার সীমান্তের ওপার থেকে আসা মর্টার শেলের আঘাতে মৃত্যুর ঘটনায় প্রতিবাদ জানিয়েছে ঢাকা

মিয়ানমার সীমান্তের ওপার থেকে আসা মর্টার শেলের আঘাতে দুজনের মৃত্যুর ঘটনায় ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত অং কিউ মোয়েকে তলব করে কড়া প্রতিবাদ জানিয়েছে ঢাকা। মঙ্গলবার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় মিয়ানমারের রাষ্ট্রদূতকে ডেকে এই প্রতিবাদ জানানো হয়। মিয়ানমারের রাষ্ট্রদূত বেলা ১১ টায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় আসেন। এ সময় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিয়ানমার অনুবিভাগের মহাপরিচালক মিয়া মোহাম্মদ মাইনুল কবির তার কাছে এই ঘটনার কড়া প্রতিবাদ জানান। দুজনের মৃত্যুর ঘটনা ছাড়াও সীমান্তে চলমান পরিস্থিতির কারণে তাকে বাংলাদেশের উদ্বেগের কথা জানানো হয়েছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ.০৬.০২.২০২৪ আসাদ)

### আবারো মিয়ানমার থেকে ছোড়া একটি মর্টার শেল এসে পড়েছে বাংলাদেশের সীমানার ভেতরে

আবারো মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেল এসে পড়েছে বান্দরবানের নাইখংছড়ির উপজেলার ঘুমধুম ইউনিয়নের মধ্যমপাড়ায়। মঙ্গলবার সকালে এই ঘটনা ঘটে। ঘুমধুম ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের সদস্য মো. আনোয়ার হোসেন গণমাধ্যম জানিয়েছেন মধ্যমপাড়ার একটি বাড়ির উঠানে এসে মর্টার শেলটি পড়ে। তবে এতে কেউ হতাহত হয়নি। কিন্তু দ্বিতীয় বারের মত মর্টার শেল বাংলাদেশে এসে পড়ায় স্থানীয়দের মাঝে আতঙ্ক বিরাজ করছে। পাশাপাশি রাতভর সীমান্তের ওপার থেকে গোলাগুলির আওয়াজ শোনা গেছে বলেও জানিয়েছে স্থানীয় জন প্রতিনিধিরা। সীমান্তবর্তী এলাকা থেকে শতাধিক পরিবার নিরাপদ আশ্রয়ের খোঁজে পার্শ্ববর্তী বিভিন্ন এলাকায় আত্মীয়-স্বজনের বাড়িতে চলে গেছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৬.০২.২০২৪ আসাদ)

### মিয়ানমারের সঙ্গে আমাদের কোন বিরোধ নেই : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মিয়ানমারের সঙ্গে আমাদের কোন বিরোধ নেই। রোহিঙ্গা ইস্যুতে যে সমস্যা সেটা আন্তর্জাতিকভাবে সমাধানের চেষ্টা চলছে। তাদের সাথে যুদ্ধের কোন কারণ নেই। মঙ্গলবার আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। এর আগে সংরক্ষিত আসনের মনোনয়ন ফরম বিক্রির বুথ পরিদর্শন করেন ওবায়দুল কাদের।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৬.০২.২০২৪ আসাদ)

### সংরক্ষিত নারী আসনে দলীয় ফরম বিক্রি শুরু করেছে আওয়ামী লীগ

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে দলীয় মনোনয়ন ফরম বিক্রিকে কেন্দ্র করে সরগরম হয়ে উঠেছে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়। আজ মঙ্গলবার সকাল দশটা থেকে গুলিস্তানের বঙ্গবন্ধু এভিনিউতে কেন্দ্রীয় কার্যালয় থেকে দলীয় মনোনয়ন ফরম বিক্রি করছে আওয়ামী লীগ। আজ এই ফরম তুলতে বিনোদন জগতের অনেক অভিনেত্রীর ভিড় লক্ষ্য গেছে। এর মধ্যে সুহানা সাবা, অপু বিশ্বাস ও নিপুন আক্তারও আছেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ.০৬.০২.২০২৪ আসাদ)

### বাংলাদেশের ক্ষেত্রে মার্কিন ভিসা নীতির কোন পরিবর্তন হয়নি : মার্কিন পররাষ্ট্র দপ্তর

বাংলাদেশের ক্ষেত্রে মার্কিন ভিসা নীতির কোন পরিবর্তন হয়নি বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্র। সোমবার মার্কিন পররাষ্ট্র দপ্তরের উপ-প্রধান মুখপাত্র বেদান্ত প্যাটেল সংবাদ ব্রিফিং এ কথা বলেন। সংবাদ ব্রিফিংয়ে যারা নির্বাচনকে ক্ষুন্ন করেছে তাদের জন্য ভিসা বিধি-নিষেধ বাস্তবায়ন সম্পর্কে জানতে চাওয়া হয়। জবাবে প্যাটেল বলেন, ভিসা নীতির ক্ষেত্রে জানার মত কোন আপডেট আমার কাছে নেই। আমি যা বুঝি তা হলো নির্বাচন শেষ হলে এই নীতি শেষ হয়ে যায় না। এই নীতি এখনো বহাল আছে কিনা জানতে চাইলে তিনি বলেন ভিসা নীতির কোন পরিবর্তন হয়নি। এছাড়া

ব্রিফিংয়ে গ্রামীন টেলিকমের চেয়ারম্যান ও নোবেল জয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে চলমান আইনি প্রক্রিয়ার প্রসঙ্গটি উঠেছে। সেখানে শান্তিতে এই নোবেল জয়ীর জন্য স্বচ্ছ আইনি প্রক্রিয়া নিশ্চিত করতে আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। (রেডিও টুডে:১৩৪৫ ঘ.০৬.০২.২০২৪ আসাদ)

**মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর মোট ২৬৪ জন বাংলাদেশে প্রবেশ করেছে**

মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে দেশটির সীমান্তরক্ষী বাহিনীর সদস্যসহ বিভিন্ন বাহিনীর আরো ১১৪ জন পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। এ নিয়ে দেশটির সীমান্তরক্ষী বাহিনী বিজিবি সদস্যসহ মোট ২৬৪ জন বাংলাদেশে প্রবেশ করলেন। মঙ্গলবার বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মো. আশরাফুজ্জামান সিদ্দিকী গণমাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি আরো জানিয়েছেন, আশ্রয় নেয়া মিয়ানমারের বিভিন্ন বাহিনীর সদস্যদের নিরস্ত্রীকরণ করে হেফাজতে রেখেছে বিজিবি। বিজিবি মহাপরিচালক আরো জানিয়েছেন নাফ নদী পার হওয়ার সময় ৬৫ জন রোহিঙ্গাকে পুশব্যাগ করা হয়েছে। নতুন করে দেশে কোন রোহিঙ্গাকে ঢুকতে দেয়া হবে না বলেও জানান তিনি। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

**মিয়ানমার সীমান্তের চলমান পরিস্থিতি নয়াদিল্লি সফরে তুলে ধরবেন পররাষ্ট্রমন্ত্রী**

মিয়ানমার সীমান্তের চলমান পরিস্থিতি নয়াদিল্লি সফরে তুলে ধরবেন বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। মঙ্গলবার নিজ মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এই তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে প্রথম বিপক্ষীয় সফরে মঙ্গলবার রাতে নয়া দিল্লি পৌঁছেছেন পররাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

**সরকার যুদ্ধ যুদ্ধ নাটক করে তলে তলে অপকর্ম করার নতুন কৌশল নেবে : গয়েশ্বর চন্দ্র**

মিয়ানমার ইস্যুকে কেন্দ্র করে সরকার যুদ্ধ যুদ্ধ নাটক করে তলে তলে অপকর্ম করার নতুন কৌশল নেবে বলে আশঙ্কা প্রকাশ করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। মঙ্গলবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে সড়কে জাহাঙ্গীরনগরে ধর্ষণের প্রতিবাদে নারী ও শিশু অধিকার ফোরাম আয়োজিত মানববন্ধনে এই আশঙ্কার কথা জানান তিনি। গয়েশ্বর চন্দ্র রায় বলেন, আওয়ামী লীগ দেশের সম্মানহানি ঘটিয়েছে এতে এদের ক্ষমতায় রাখলে দেশ নিরাপদ থাকবে না। সীমান্তে অস্থিরতা দেখা দিলেও সরকার প্রতিবাদ করতে পারে না।
(রে. টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

**মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও আমির মাহমুদ চৌধুরী আবারো জামিন চেয়েছেন**

প্রধান বিচারপতির বাস ভবনে হামলা ও নাশকতার অভিযোগে দায়ের করা মামলায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও দলটির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী আবারো জামিন চেয়েছেন। আজ মঙ্গলবার ঢাকা মহানগর দায়রা জজ মো. আসাদুজ্জামান এর আদালতে তারা জামিন আবেদন করেন। এই জামিন আবেদন শুনানির জন্য আগামী ১৪ই ফেব্রুয়ারি দিন ধার্য করেছেন আদালত।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

**যুক্তরাষ্ট্র বাংলাদেশের কাছে উড়োজাহাজ বিক্রি করতে চায় : বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রী**

যুক্তরাষ্ট্র বাংলাদেশের কাছে উড়োজাহাজ বিক্রি করতে চায় বলে জানিয়েছেন বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রী ফারুক খান। আজ মঙ্গলবার সকালে সচিবালয়ে মার্কিন রাষ্ট্রদুত পিটার হাসের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। এ সময় পিটার হাস সাংবাদিকদের বলেন, এয়ার বাসের মতো বোয়িং ও বাংলাদেশের কাছে উড়োজাহাজ বিক্রি করতে চায়। এক্ষেত্রে ক্রয় প্রতিযোগিতায় স্বচ্ছতা চেয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

**শ্রম আইন সংশোধনে তাড়াহুড়ো না করে আরো আলোচনা করতে বলেছে আইএলও : আইনমন্ত্রী**

আন্তর্জাতিক শ্রম ও সংস্থা, আইএলও বাংলাদেশের শ্রম আইন সংশোধনের বিষয়ে তাড়াহুড়ো না করে আরো আলোচনা করতে বলেছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। মঙ্গলবার দুপুরে সচিবালয়ে আইন মন্ত্রণালয়ে সম্মেলন কক্ষে আইএলও এর প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এ কথা বলেন।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

**দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের তফসিল ঘোষণা করা হয়েছে**

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে তফসিল ঘোষণা করা হয়েছে। আগামী ১৪ই মার্চ এসব আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। মঙ্গলবার বিকেলে এই ভোটের তফসিল ঘোষণা করেন নির্বাচন কমিশন সচিব জাহাঙ্গীর আলম। এর আগে প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়ালের সভাপতিত্বে কমিশন বৈঠক হয় পরে তফসিল দেয়া হয়।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

**সাবেক পররাষ্ট্রমন্ত্রীর নির্বাচনী এলাকায় কিছু সন্ত্রাসী পণ্যবাহী ট্রাক থেকে নিয়মিত চাঁদা আদায় করছে**

সাবেক পররাষ্ট্রমন্ত্রী এ. কে. আব্দুল মোমেন বলেছেন তার নির্বাচনী এলাকা সিলেটে কিছু সন্ত্রাসী নিত্য প্রয়োজনীয় পণ্যবাহী ট্রাক থেকে নিয়মিত চাঁদা আদায় করছে। চাঁদাবাজদের অত্যাচারে ব্যবসায়ীরা অত্যন্ত অসন্তুষ্ট। তিনি এ চাঁদাবাজি বন্ধ এবং চাঁদাবাজির মাধ্যমে আদায় করা টাকা বাজেয়াপ্ত করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ মঙ্গলবার জাতীয় সংসদে জরুরি জনগুরুত্ব সম্পন্ন বিষয়ক মনোযোগ আকর্ষণ নোটিশের আলোচনায় এ. কে. আব্দুল মোমেন এই আহ্বান জানান। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০২.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

**আমরা কারো সঙ্গে যুদ্ধে জড়াতে চাই না : সেতুমন্ত্রী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'মিয়ানমারে চলমান সংঘাত তাদের অভ্যন্তরীণ। আমাদের সঙ্গে তাদের এ নিয়ে কোনো বিরোধ নেই। তবে মিয়ানমারের সঙ্গে সীমান্ত সমস্যা নিয়ে কিছু থাকলে তাদের রাষ্ট্রদূতকে ডেকে জানানোর পাশাপাশি বিষয়টি জাতিসংঘের নজরে আনবে বাংলাদেশ।' তিনি আজ দুপুরে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেস ব্রিফিংয়ে এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন, 'রোহিঙ্গা সমস্যা আন্তর্জাতিকভাবে সমাধানের প্রয়াস চলছে। শুধু মিয়ানমার নয়, আমরা কারো সঙ্গে যুদ্ধে জড়াতে চাই না। যেকোনো সমস্যা আলাপ আলোচনার মাধ্যমে সমাধানে আমাদের সিদ্ধান্ত আছে। বাংলাদেশের সঙ্গে যদি মিয়ানমারের দ্বন্দ্বের কোনো বিষয় আসে তাহলে জাতিসংঘের দৃষ্টি আকর্ষণ করবো। আন্তর্জাতিক ফোরাম আছে। জাতিসংঘ যেহেতু আছে তাদেরও একটা ভূমিকা থাকবে।' সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, 'মিয়ানমার সীমান্তে যা ঘটছে তা তাদের অভ্যন্তরীণ বিষয়। তাদের অভ্যন্তরীণ কনফ্লিক্ট সীমান্ত পর্যন্ত গড়াচ্ছে। তাদের গোলা, মর্টার শেল ছিটকে পড়ছে আমাদের এখানে। আমাদের দুইজন নাগরিক মারা গেছে। বাংলাদেশের নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূতকে ডেকে পাঠানো হতে পারে। সিদ্ধান্ত হলে জানানো হবে।' জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে দলীয় মনোনয়ন নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, 'ত্যাগী ও পরীক্ষিতদের মনোনয়ন দেবে আওয়ামী লীগ। আমাদের সভানেত্রী নির্বাচনের পর থেকেই পরবর্তী নির্বাচন নিয়ে কাজ শুরু করে দেন। জেলা সফরে গিয়েও যোগ্য কাউকে দেখলে তার নাম লিখে রাখেন। সময় মতো সেটা কাজে লাগান। সংস্কৃতি অঙ্গনের কেউ কেউ মনোনয়ন পেতে পারেন বলে আভাস দেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক।' এর আগে সকালে দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন ফর্ম বিক্রি ও জমা কার্যক্রম পরিদর্শন করেন দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে আজ থেকে শুরু হওয়া এ কার্যক্রম চলবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত। (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**ভারত সফরে মিয়ানমার ইস্যুতে আলোচনা হবে : পররাষ্ট্রমন্ত্রী**

ভারত সফরে মিয়ানমারের ইস্যু নিয়ে আলোচনা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ মঙ্গলবার দুপুরে মন্ত্রণালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ কথা জানান। ভারত সফরে সবচেয়ে বিশ্বস্ত বন্ধুর সঙ্গে মিয়ানমারের ইস্যুটি নিয়ে আলোচনা করবেন কি না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন,' ভারতে গিয়ে সে দেশের পররাষ্ট্রমন্ত্রী, বাণিজ্যমন্ত্রী, সিকিউরিটি অ্যাডভাইজারের সঙ্গে দেখা হওয়ার কথা রয়েছে। সেখানে সার্বিক বিষয়গুলো আলোচনা করবো। যেহেতু মিয়ানমার ভারতেরও প্রতিবেশি রাষ্ট্র আমাদেরও প্রতিবেশী রাষ্ট্র।' তিনি আরো বলেন, আমরা ইতোমধ্যে সবসময় ভারতের সহযোগিতা চেয়ে এসেছি। মিয়ানমার থেকে যাদের জোরপূর্বক উচ্ছেদ করা হয়েছে তাদেরকে ফিরিয়ে নেওয়ার ক্ষেত্রে ভারতের সহায়তা আমরা বহু আগে থেকেই চেয়েছি। সুতরাং এ বিষয়গুলো স্বাভাবিকভাবেই আলোচিত হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**নাগরিকদের নৌপথে ফিরিয়ে নিতে অগ্রাধিকার দিচ্ছে মিয়ানমার : পররাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের নাগরিকদের নৌপথে নিয়ে যাওয়ার বিষয়ে দেশটি অগ্রাধিকার দিচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ মঙ্গলবার দুপুরে মন্ত্রণালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ কথা জানান। তিনি বলেন, 'গতকাল এবং আজ মিয়ানমার সীমান্ত অতিক্রম করে এ পর্যন্ত ২২৯ জন বিজিপি এসেছে। এরমধ্যে আর এসেছে কি না জানি না, তবে আসার সম্ভাবনা আছে। তারা আমাদের দেশে আশ্রয় নিয়েছে এবং কয়েকজন আহত। তাদের প্রাথমিকভাবে কক্সবাজারে, পরে চট্টগ্রাম শহরে হস্তান্তর করা হয়েছে। তাদের মর্টারশেল আমাদের দেশের অভ্যন্তরে পড়েছে ৩০টির মতো এবং দুইজন নিহত হয়েছে। আজ মিয়ানমারের রাষ্ট্রদূতকে ডাকা হয়েছিল। ডেকে কড়া প্রতিবাদ জানানো হয়েছে। তাদের অভ্যন্তরীণ যে সংঘাত সেটির কারণে আমাদের দেশের অভ্যন্তরে তাদের মানুষের প্রবেশ, একই সঙ্গে তাদের গোলাবারুদ আমাদের এখানে এসে পড়া এবং আমাদের দেশের মানুষের আহত-নিহত হওয়ার বিষয়ে তাদের প্রতিবাদ জানানো হয়েছে। রোহিঙ্গাদের ফিরিয়ে দিতে যেখানে আমরা কাজ করছি সে প্রেক্ষাপটে এ ঘটনা অনভিপ্রেত, অনাকাঙ্ক্ষিত ও অগ্রহণযোগ্য। এটা আমরা জানিয়েছি। আজ

বাংলাদেশে প্রবেশ করাদের মধ্যে বিজিপি সদস্য ছাড়াও কয়েকজন সেনাবাহিনীর সদস্য ও সিভিলিয়ান আছে।' বেসামরিক মানুষদের কেন আমরা ঢুকতে দিচ্ছি? এমন প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'এখানে বিজিপি সদস্যদের যারা পরিবারসহ থাকতো তারা এসেছে। তার বাইরে কেউ নয়।' সে এলাকায় আমাদের স্কুল বন্ধ করতে হয়েছে, মানুষের মধ্যে আতঙ্ক রয়েছে, এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'সে বিষয়ে আজ আমরা কড়া প্রতিবাদ জানিয়েছি। এটি গ্রহণযোগ্য নয়, সেটি জানিয়েছি। মিয়ানমারের রাষ্ট্রদূত তার সরকারের কাছে আমাদের কড়া প্রতিবাদের বার্তাটি পৌঁছে দেবেন বলে জানিয়েছেন। তারা তাদের নাগরিকদের নিয়ে যাবে মর্মে আলাপ-আলোচনায় আছেন।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**কোনোভাবেই রোহিঙ্গাদের বাংলাদেশের ভেতরে ঢুকতে দেবো না : বিজিবি মহাপরিচালক**

মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘর্ষের ঘটনায় বিজিবির নবনিযুক্ত মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী বলেছেন, 'এখন পর্যন্ত পরিস্থিতি আমাদের নিয়ন্ত্রণে রয়েছে।' তিনি আরো বলেছেন, 'কোনোভাবেই রোহিঙ্গাদের বাংলাদেশের ভেতরে ঢুকতে দেবো না।' আজ মঙ্গলবার দুপুরে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন শেষে বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির ডিজি এসব কথা বলেন। মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী বলেন, গতকাল সোমবার দুপুরে দায়িত্ব গ্রহণের পর থেকে এখন পর্যন্ত মিয়ানমার ইস্যু নিয়েই কাজ করছি। আগামীকাল সীমান্ত পরিদর্শনে যাবো। এখন পর্যন্ত পরিস্থিতি আমাদের নিয়ন্ত্রণে রয়েছে।' তিনি বলেন, 'আমরা ধৈর্য্য ধারণ করে আন্তর্জাতিক সুসম্পর্ক বজায় রেখে পরিস্থিতি মোকাবিলার চেষ্টা করেছি। প্রধানমন্ত্রীও ধৈর্য্য ধারণের নির্দেশনা দিয়েছেন, সে অনুযায়ী কাজ করে যাচ্ছি।' নবনিযুক্ত বিজিবি মহাপরিচালক বলেন, 'আজ দুপুর পর্যন্ত মিয়ানমারের বিজিপি, সেনাসহ অন্যান্য বাহিনীর ২৬৪ জন এসেছেন। ২৬৪ জনকেই আশ্রয় দেওয়া হয়েছে, তাদের খাবারের ব্যবস্থা করা হয়েছে। এরমধ্যে ১৫ জন আহত ছিল। ৮ জন ছিল গুরুতর আহত, তাদের মধ্যে ৪ জনকে কক্সবাজার ও ৪ জনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিজিবির পক্ষ থেকে আহতদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। তাদের ফিরিয়ে দেওয়ার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। আমরা আশা করছি খুব শিগগিরই হবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**দেশের প্রয়োজনে সীমান্তে পুলিশের প্রতিটি সদস্য প্রস্তুত : আইজিপি**

ঘুমধুম সীমান্ত এলাকায় বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির সঙ্গে সরকারি নির্দেশনা অনুযায়ী পুলিশ কাজ করছে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। তিনি বলেছেন, 'দেশের প্রয়োজনে দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ পুলিশের প্রতিটি সদস্য প্রস্তুত আছে।' আজ মঙ্গলবার দুপুরে গত ২৮ অক্টোবর বিএনপির সমাবেশে গুরুতর আহত রাজারবাগ পুলিশ হাসপাতালে চিকিৎসাধীন পুলিশ সদস্য রাজ্জাককে দেখতে এসে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। ভারতে উন্নত চিকিৎসা শেষে রাজ্জাককে রাজারবাগ পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘুমধুম সীমান্ত এলাকার পরিস্থিতি ভয়াবহ। স্থানীয় লোকজন আতঙ্কে আছে, সীমান্ত এলাকায় পুলিশ কী ধরনের নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে জানতে চাইলে আইজিপি বলেন, 'এখন পর্যন্ত আহত হয়ে যারা আমাদের দেশে এসেছেন তাদের চিকিৎসার ব্যবস্থা সরকার করছে।' তিনি বলেন, 'বাংলাদেশ পুলিশ, বিজিবি ও প্রশাসন সবাই মিলে সরকারের নির্দেশনার আলোকে দায়িত্ব পালন করছে। বাংলাদেশ পুলিশের প্রতিটি সদস্য প্রস্তুত আছে দেশের প্রয়োজনে দায়িত্ব পালনের জন্য।' সীমান্ত এলাকায় মর্টার শেলের আঘাতে দুইজন নিহত হয়েছে, এখন তারা কাদের বিরুদ্ধে মামলা দায়ের করবে? জানতে চাইলে আইজিপি বলেন, 'কে মর্টার শেল নিক্ষেপ করেছে তা এখনো সুনিশ্চিত না। এ ঘটনায় আমরা একটা মামলা নিয়েছি। মামলার আসামি অজ্ঞাত। তদন্তে যাদের নাম আসবে পরবর্তী সময়ে সে বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।' সীমান্তের বর্তমান পরিস্থিতিতে পুলিশ সদস্যদের প্রতি কী নির্দেশনা আছে জানতে চাইলে পুলিশপ্রধান বলেন, 'রোহিঙ্গা ক্যাম্পে আমাদের নিরাপত্তা ব্যবস্থা আছে। জেলা পুলিশসহ এপিবিএন সতর্ক আছে। সীমান্তে বিজিবি দায়িত্ব পালন করছে। তাদের দায়িত্ব পালনে যে সহযোগিতা চাচ্ছে আমরা সে সহযোগিতা দিচ্ছি। স্থানীয় প্রশাসন, পুলিশ, বিজিবি ও গোয়েন্দা সংস্থা মিলে যে ব্যবস্থা নেওয়া প্রয়োজন সে ব্যবস্থা নেওয়া হচ্ছে।' অপর এক প্রশ্নের জবাবে আইজিপি বলেন, 'বর্তমান সীমান্ত পরিস্থিতিতে রোহিঙ্গা ক্যাম্প এলাকায় নজরদারী বৃদ্ধি করা হয়েছে। এসব এলাকায় পুলিশের উপস্থিতি বৃদ্ধিসহ পেট্রোল বৃদ্ধি করা হয়েছে। সীমান্ত এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশসহ সব সংশ্লিষ্ট সংস্থা দায়িত্ব পালন করছে।' এসময় পুলিশের বিশেষ শাখার প্রধান মনিরুল ইসলাম ও ডিএমপি কমিশনার হাবিবুর রহমানসহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**সংরক্ষিত মহিলা আসনের মনোনয়ন ফর্ম বিক্রি করছে আওয়ামী লীগ**

দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনের জন্য বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়ন ফর্ম বিক্রি শুরু হয়েছে। মঙ্গলবার সকাল ১০টায় বঙ্গবন্ধু অ্যাভিনিউ-এর কেন্দ্রীয় কার্যালয়ে ফর্ম বিক্রি শুরু হয়। ইতোমধ্যে দল থেকে জানানো

হয়েছে, ৬ ফেব্রুয়ারি থেকে ৮ ফেব্রুয়ারি, প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত দলীয় মনোনয়নের আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে। বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়ন পেতে আগ্রহী প্রার্থীদের কেন্দ্রীয় কার্যালয়ে নির্দিষ্ট বুথ থেকে দলীয় মনোনয়নের জন্য আবেদনপত্র সংগ্রহ এবং জমা প্রদান করতে হবে। কেন্দ্রীয় কার্যালয়ের দ্বিতীয় তলায় ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগ এবং তৃতীয় তলায় রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের মনোনয়নপত্র বিতরণ করা হবে। কেন্দ্রীয় কার্যালয়ের নিচ তলায় জমা নেওয়া হবে সব বিভাগের মনোনয়নপত্র। (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

## সীমান্তে অস্থিরতা দেখা দিলেও সরকার প্রতিবাদ করতে পারে না : গয়েশ্বর চন্দ্র রায়

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, 'সরকারের রাজত্ব জনগণই ভেঙে ফেলবে, বিএনপি পাশে থাকবে। তাই এখন থেকে আর প্রতিবাদ নয় প্রতিশোধ নেওয়া হবে।' আজ মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে নারী ও শিশু অধিকার ফোরামের আয়োজনে নারীদের ওপর নির্যাতন, শ্লীলতাহানির প্রতিবাদে এক মানববন্ধনে তিনি এসব কথা বলেন। এসময় গয়েশ্বর বলেন, 'আওয়ামী লীগ দেশের সম্মানহানি ঘটিয়েছে, তাদের ক্ষমতায় রাখলে দেশ নিরাপদ থাকবে না। মিয়ানমার সীমান্ত, পশ্চিমবঙ্গের সীমান্তে অস্থিরতা দেখা দিলেও সরকার প্রতিবাদ করতে পারে না। মিয়ানমারের মতো দেশ গুলি করে এটা কিসের আলামত। রাখাইন থেকে সৈন্যরা এ দেশে আসছে কীসের আলামত। গুলি খেয়ে মানুষ মরছে আর প্রতিবাদ করতে পারছে না।' তিনি বলেন, 'দেশ নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে, অচিরেই এর জবাব পাবে। সব অপকর্মের জবাব সরকারকে একবারেই দিতে হবে। সরকারের রাজত্বের প্রাসাদ ভেঙে পড়বে। আর নয় প্রতিবাদ, এখন হবে প্রতিশোধ।' এসময় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বলেন, 'প্রশাসন, বিচার বিভাগের কাছে বিচার চেয়ে লাভ নেই। বিচার করবে দেশের জনগণ। আজ সীমান্তে রক্ত ঝরছে, অথচ প্রতিবাদ করতে পারি না। সমস্ত জনগণ রাস্তায় নেমে না আসলে দেশ রক্ষা করা যাবে না, কলঙ্কমুক্ত হবে না। দেশ রক্ষায় সবাই রাজপথে নেমে আসুন।' বিএনপির ভাইস চেয়ারম্যান আব্দুল আউয়াল মিন্টু বলেন, 'সরকার অতীতের মতো আবারো মানুষের সব অধিকার হরণ করে ক্ষমতা দখল করে আছে। আওয়ামী লীগের আমলে কারো নিরাপত্তা নেই, নারীরা নিরাপদ না। যতদিন এ সরকারের পতন না হবে ততদিন দেশ থেকে খুন গুম অপহরণ বন্ধ হবে না।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

## রাজধানীতে মাদক বিরোধী অভিযানে ৩২ জন আটক

রাজধানীতে অভিযান চালিয়ে মাদক বিক্রি ও সেবনের অভিযোগে ৩২ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন অপরাধ ও গোয়েন্দা বিভাগ। ডিএমপির নিয়মিত মাদক বিরোধী অভিযান চলমান রয়েছে। এরই অংশ হিসেবে সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ৬টা থেকে মঙ্গলবার ৬ ফেব্রুয়ারি সকাল ৬টা পর্যন্ত অভিযান চালিয়ে মাদকদ্রব্যসহ তাদের গ্রেফতার করা হয়। এসময় তাদের কাছ থেকে ৬৫০ পিস ইয়াবা, ৩৫ গ্রাম হেরোইন ও ২ কেজি ৮৭০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। গ্রেফতার ৩২ জনের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২৫টি মামলা করা হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

## সুষ্ঠু নির্বাচনে সহযোগিতা করায় রাষ্ট্রপতিকে কৃতজ্ঞতা সিইসির

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। এসময় সুষ্ঠু নির্বাচন পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। আজ মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন সিইসি। সাক্ষাৎকালে প্রধান নির্বাচন কমিশনার কমিশনের সার্বিক কার্যক্রম, বিশেষ করে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের বিভিন্ন দিক সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। একই সঙ্গে সুষ্ঠু নির্বাচন পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা জানান। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করায় রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন নির্বাচন কমিশনকে ধন্যবাদ জনান। রাষ্ট্রপতি বলেন, 'নির্বাচন কমিশনের নেতৃত্ব এবং নির্বাহী বিভাগের সার্বিক সহযোগিতার ফলে নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হয়েছে।' ভবিষ্যতেও নির্বাচন কমিশন স্থানীয় সরকারসহ বিভিন্ন নির্বাচন সুষ্ঠু, নিরপেক্ষ ও সুন্দরভাবে করতে সক্ষম হবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস. এম. সালাহউদ্দিন ইসলাম এবং সচিব, সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান উপস্থিত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

## স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে মিশরের রাষ্ট্রদূতের সাক্ষাৎ অনুষ্ঠিত

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত মিশরের রাষ্ট্রদূত ওমর মহিম এলদিন আহমেদ ফাহমি। আজ মঙ্গলবার স্পিকারের কার্যালয়ে আসেন মিশরের রাষ্ট্রদূত। সাক্ষাৎকালে তারা দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। দুইদেশের সংসদীয় সম্পর্ক, সংসদীয় মৈত্রী গ্রুপ, সংসদীয় কার্যক্রম ও উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন তারা। স্পিকার বলেন, 'দ্বাদশ জাতীয় সংসদ

বাংলাদেশ-মিশর সংসদীয় মৈত্রী গ্রুপ গঠন করবে। মৈত্রী গ্রুপ উভয় দেশের জনগণের মধ্যে সুসম্পর্ক বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। মৈত্রী গ্রুপ গঠনের ফলে পারস্পরিক সহযোগিতা এবং সংসদ সদস্যদের সফর ও অভিজ্ঞতা বিনিময়ে দুইদেশ উপকৃত হবে।' তিনি বলেন, 'মিশর বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধু।' জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে মিশরের ঐতিহাসিক সম্পর্কের বিষয় স্মরণ করে তিনি বলেন, 'মিশরের সঙ্গে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক অত্যন্ত সুদৃঢ় অবস্থানে রয়েছে।' ভবিষ্যতেও দুইদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অটুট থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এসময় মিশরের রাষ্ট্রদূত বলেন, 'মিশর আন্তরিকভাবে বিশ্বাস করে বাংলাদেশ তাদের বন্ধুপ্রতীম দেশ। মিশর ও বাংলাদেশের রয়েছে ঐতিহাসিক সম্পর্ক।' বাংলাদেশকে নিজের দেশ মনে হচ্ছে উল্লেখ করেন তিনি বলেন, 'বাংলাদেশের শিল্প-সংস্কৃতির সঙ্গে মিশরের অনেক মিল রয়েছে।' এসময় তিনি বাংলাদেশ জাতীয় সংসদকে মিশরের পাশে থাকতে আন্তরিক অনুরোধ করেন। রাষ্ট্রদূত বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় ড. শিরীন শারমিন চৌধুরীকে অভিনন্দন জানান। এসময় জাতীয় সংসদের হুইপ ইকবালুর রহিম এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**দখল হওয়া বনভূমি উদ্ধারে পদক্ষেপ নেওয়া হয়েছে : পরিবেশমন্ত্রী**

দেশের বনভূমির পরিমাণ বাড়ানোর লক্ষ্যে জবর দখল হওয়া বনভূমি উদ্ধারে পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। আজ মঙ্গলবার জাতীয় সংসদের অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে আওয়ামী লীগের সংসদ সদস্য নুরুন্নবী চৌধুরীর এক প্রশ্নের উত্তরে এসব কথা জানান মন্ত্রী। সাবের হোসেন চৌধুরী বলেন, 'দেশের মোট আয়তনের ১৫ দশমিক ৫৮ শতাংশ এলাকায় বনভূমি রয়েছে। বন অধিদফতর নিয়ন্ত্রিত বনভূমির পরিমাণ ১০ দশমিক ৭৪ শতাংশ। দেশের বনভূমির পরিমাণ বাড়ানোর লক্ষ্যে জবরদখল হওয়া বনভূমি উদ্ধারে পদক্ষেপ নেওয়া হয়েছে। বনভূমি জবর দখলের বিপরীতে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে।' তিনি বলেন, এ যাবৎ জেলা প্রশাসনের পাঠানো উচ্ছেদ প্রস্তাব ৭ হাজার ৩৭৬টি, জেলা প্রশাসনের রুজু করা উচ্ছেদ মামলা ১৩টি, নিম্ন আদালতে দেওয়ানি মামলা ৮৫২ টি, উচ্চ আদালতে রিট মামলা ১২২টি, উচ্চ আদালতে আপিল/মিস মামলা ৮৭ টি, পিওআর মামলা ৭ হাজার ৫৩২টি ও অন্যান্য ব্যবস্থায় ৬ হাজার ১৩০টি মামলা দায়ের করা হয়েছে। বন অধিদফতর নিজস্ব উদ্যোগে ও আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তায় ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ২৬ হাজার ৪৭৪ দশমিক শূন্য ৭ একর জবরদখল হওয়া বনভূমি পুনরুদ্ধার করে বনায়ন করা হয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থবছরে মোট ৮ হাজার ২০০ একর জবরদখল করা বনভূমি পুনরুদ্ধার করে বনায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**বাংলাদেশের কমিউনিটি ক্লিনিকের ধারণা কাজে লাগাতে চায় নেপাল**

বাংলাদেশের কমিউনিটি ক্লিনিকের ধারণা কীভাবে নেপালেও কাজে লাগানো যায় এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেনের কাছে জানতে চেয়েছেন দেশটির রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী। আজ মঙ্গলবার মন্ত্রণালয়ের স্বাস্থ্যমন্ত্রীর দফতরে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী। নেপাল দূতাবাসের দ্বিতীয় সচিব এম এস ইয়াজুনা বামজান রাষ্ট্রদূতের সঙ্গে উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে নেপাল সরকারের রাষ্ট্রদূত বাংলাদেশের স্বাস্থ্যখাতের নানা উন্নয়নমূলক কর্মকাণ্ড, বিশেষ করে বাংলাদেশের ১৪ হাজার কমিউনিটি ক্লিনিকের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেন। এ বিষয়ে নেপাল রাষ্ট্রদূতকে বাংলাদেশের পক্ষ থেকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, 'বাংলাদেশে কনিউনিটি ক্লিনিক স্থাপনের চিন্তা এবং এর সম্প্রসারণ সবই প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ। প্রধানমন্ত্রীর এই দূরদর্শী চিন্তার ফসল হিসেবে স্বাস্থ্যসেবা এখন বাংলাদেশের একেবারে প্রান্তিক পর্যায়ে চলে গেছে। জাতিসংঘের সদস্যভুক্ত প্রায় ৭৮টি দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই ধারণাকে গ্রহণ করেছে। এসব ক্লিনিক থেকে ৩২ রকমের ঔষধ বর্তমানে বিনামূল্যে দেওয়া হচ্ছে। আগামীতে এসব ক্লিনিকের সেবার পরিধি আরো বিস্তার করার চিন্তা-ভাবনাও চলছে আমাদের।' আলাপকালে, বাংলাদেশের শেখ হাসিনা বার্ন ইনস্টিটিউটে বর্তমানে কর্মডেবা নামে একজন ভুটানের রোগীকে চিকিৎসা দেওয়া হচ্ছে বলে নেপাল রাষ্ট্রদূতকে জানান স্বাস্থ্যমন্ত্রী। স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'বর্তমানে বাংলাদেশে ভুটান থেকে একজন রোগী চিকিৎসা নিতে আমাদের দেশের শেখ হাসিনা জাতীয় বার্ন ইনস্টিটিউটে এসে ভর্তি আছেন। ভুটানে ঐ রোগীর যে চিকিৎসা সম্ভব হয়নি সেটি এখন বাংলাদেশেই হচ্ছে। অনুরূপভাবে নেপাল থেকেও কোনো গুরুতর রোগী চিকিৎসা নিতে আমাদের দেশে এলে আমরা তাদেরও চিকিৎসা সেবা দিতে সচেষ্ট হবো।' নেপালের রাষ্ট্রদূত ও বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রীর আলাপকালে দেশটির রাষ্ট্রদূত বাংলাদেশের মেডিকেল কলেজগুলোতে নেপালের বেশি সংখ্যক শিক্ষার্থীদের পড়ালেখার বিশেষ সুযোগ দিতে অনুরোধ করেন। একইসাথে নেপাল-বাংলাদেশ স্বাস্থ্য পর্যটন খাত তৈরি করার বিষয়েও আলাপ করেন। সাক্ষাৎকালে, উভয় দেশে ভ্যাকসিন সুযোগ-সুবিধা বৃদ্ধি করা, প্রাইমারি স্বাস্থ্যসেবা বৃদ্ধি করা, চিকিৎসক এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ বিনিময় করা নিয়েও কথা হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে আবারো বোয়িং কোম্পানির উড়োজাহাজ কেনার প্রস্তাব দিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। একই সঙ্গে উড়োজাহাজ কেনার প্রক্রিয়া যেন একটি স্বচ্ছ প্রতিযোগিতার মাধ্যমে সম্পন্ন হয়, এই আহ্বান জানান তিনি। আজ মঙ্গলবার সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন মার্কিন রাষ্ট্রদূত। এ সময় তিনি এই আহ্বান জানান। সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে মুহাম্মদ ফারুক খান বলেন, 'পর্যটন ও এভিয়েশন শিল্পের উন্নয়নে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র একসঙ্গে কাজ করবে। বাংলাদেশের পর্যটন ও এভিয়েশনকে এগিয়ে নিতে আমরা দুই দেশ আগেও একসঙ্গে কাজ করেছি। ভবিষ্যতেও একসঙ্গে কাজ করার ব্যাপারে আমরা একমত হয়েছি। যুক্তরাষ্ট্র কীভাবে আমাদের এই দুইটি খাতে আরো সাহায্য করতে পারে তা আমরা তাদের কাছে জানতে চেয়েছি।' তিনি বলেন, 'বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে অতীতেও বিভিন্ন ক্ষেত্রে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে মতের অমিল হলেও আমরা বন্ধুত্বের স্বার্থে সেটা আলোচনা করে সমাধান করেছি। পর্যটন ও এভিয়েশন শিল্পে আমাদের অংশীদারত্ব যাতে আরো জোরদার হয়, বিশেষ করে নিউইয়র্কে আমাদের বিমানের স্লট যেন তাড়াতাড়ি ফিরে পেতে পারি সেই বিষয়ে রাষ্ট্রদূতের সঙ্গে আলোচনা হয়েছে।' এসময় ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস সাংবাদিকদের বলেন, 'বাংলাদেশের পর্যটন ও এভিয়েশন শিল্পের উন্নয়নে বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের অংশীদারত্ব অতীতের মতো ভবিষ্যতেও সামনে এগিয়ে যাবে। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সরাসরি ফ্লাইট চালুর বিষয়ে আলোচনা হয়েছে। এ বিষয়ে এখনো কিছু প্রক্রিয়া বাকি আছে, আমরা তা দ্রুত শেষ করতে সিভিল এভিয়েশন অথরিটি ও বাংলাদেশ বিমানকে সহায়তা করবো।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

## অনলাইন গণমাধ্যমের জন্য বিজ্ঞাপন নীতিমালা প্রণয়ন করা হবে : তথ্য প্রতিমন্ত্রী

অনলাইন ভিত্তিক গণমাধ্যমের জন্য বিজ্ঞাপন নীতিমালা প্রণয়ন করা হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। আজ মঙ্গলবার দুপুরে রাজধানীর সার্কিট হাউজ রোডের তথ্য ভবনে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতরের সম্মেলন কক্ষে অধিদফতরের কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময়কালে তিনি এ কথা জানান। প্রতিমন্ত্রী বলেন, 'অনলাইন পত্রিকা ও নিউজ পোর্টালের জন্য সরকারি বিজ্ঞাপন হার নির্ধারণে নীতিমালা থাকা দরকার। এ সংক্রান্ত নীতিমালা প্রণয়নে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে।' এসময় চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতরের মহাপরিচালক স. ম. গোলাম কিবরিয়া, গণযোগাযোগ অধিদফতরের মহাপরিচালক মো. নিজামুল কবীর, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যান খালেদা বেগমসহ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বর্তমান সরকারের সময়ে গণমাধ্যমের স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতার উন্নয়ন হয়েছে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, 'গণমাধ্যমের স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতা রক্ষায় বর্তমান সরকারের সদিচ্ছা রয়েছে।' এ প্রসঙ্গে তিনি বলেন, 'বিগত দিনে যখন সামরিক শাসন ছিল ও সামরিক শাসন থেকে উদ্ভূত দল যখন এ দেশ শাসন করেছে এবং তাদের সঙ্গে বিভিন্ন সময় যখন মুক্তিযুদ্ধ বিরোধী অপশক্তি ছিল সে সময়ে গণমাধ্যমের স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতার যে বাস্তবতা ছিল, সে জায়গা থেকে এখন আমরা কতটুকু এগিয়েছি, কতটুকু উন্নয়ন হয়েছে, সংখ্যাগত এবং গুণগত দিক থেকে এ তুলনামূলক বিষয়গুলো নিয়ে প্রকাশনা বের করতে হবে।' মত বিনিময়কালে মোহাম্মদ আলী আরাফাত আরো বলেন, 'চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতরের মাধ্যমে সরকারের উন্নয়ন কার্যক্রম দেশের মানুষ এবং বিশ্ববাসীর কাছে আরো কার্যকরভাবে পৌঁছে দেওয়ার লক্ষ্যে কাজ করতে হবে। এখন প্রযুক্তি অনেক অগ্রসর হয়ে গেছে। মানুষের চিন্তা-ভাবনায় পরিবর্তন এসেছে। এ বিষয়গুলো মাথায় রেখে অধিদফতরের কাজে নতুন নতুন বিষয় সংযোজন করতে হবে।' 'ছাপাখানা প্রকাশনা আইন ১৯৭৩' প্রয়োজনবোধে সংস্কারের উদ্যোগ নেওয়া হবে বলেও জানান প্রতিমন্ত্রী। এর আগে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতরের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র, জাদুঘর ও গ্রন্থাগার পরিদর্শন করেন প্রতিমন্ত্রী। (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

## নাগরিক সেবা আঙুলের ডগায় আনতে কাজ করছে সরকার : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী

সব ধরনের নাগরিক সেবা আঙুলের ডগায় আনতে সরকার কাজ করছে বলে মন্তব্য করেছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। তিনি বলেছেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা সব নাগরিক সেবা আঙুলের ডগায় নিয়ে আসতে এবং দুর্নীতিমুক্ত, কাগজবিহীন ও আন্তঃক্রিয়াশীল একটি স্মার্ট সরকারের লক্ষ্যে কাজ করছেন।' আজ মঙ্গলবার রাজধানীর একটি অভিজাত রেস্তোরাঁয় দেশের প্রথম ক্রস-প্ল্যাটফর্ম অ্যাপ মার্কেটপ্লেস অ্যাপসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জুনাইদ আহমেদ পলক বলেন, 'বর্তমানে দেশে ১৩ কোটির বেশি ইন্টারনেট ব্যবহারকারী রয়েছেন। নগর, গ্রাম, পাহাড়, দ্বীপ কিংবা যত দুর্গম এলাকা হোক না কেন, আমরা উচ্চগতির নির্ভরযোগ্য ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ কম মূল্যে পৌঁছে দিচ্ছি।' প্রতিমন্ত্রী বলেন, 'জাতীয় লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে স্মার্ট জাতির জন্য স্মার্ট ভবিষ্যৎ নিশ্চিত করতে হবে। আগামী ১৭ বছরের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে উদ্ভাবনের মাধ্যমে তরুণ উদ্যোক্তারা সক্রিয় ভূমিকা রাখবে। তরুণদের সম্পৃক্ত করে একটি স্মার্ট জাতি গঠনে অ্যাপটি

বিশেষ অবদান রাখবে।' স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গ্রামীণফোন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে জানিয়ে তিনি বলেন, 'উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে দেশের নতুন প্রজন্মকে সমস্যা সমাধানকারী হিসেবে তৈরিতে শক্তিশালী অংশীদার হবে গ্রামীণফোন। প্রধানমন্ত্রীর ঘোষিত স্মার্ট সিটিজেন, স্মার্ট নাগরিক, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি এই চারটি স্তম্ভের ওপর ভিত্তি করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গ্রামীণফোন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**চার পণ্যের শুল্ক কমানোর প্রজ্ঞাপন ৮ ফেব্রুয়ারির মধ্যেই : বাণিজ্য প্রতিমন্ত্রী**

চাল, ভোজ্যতেল, চিনি ও খেজুর এ চার পণ্যের শুল্ক কমানো সংক্রান্ত প্রজ্ঞাপন ৮ ফেব্রুয়ারির মধ্যে হয়ে যাবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। আজ মঙ্গলবার খাদ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তিনি বলেন, 'আগামী ৮ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী বাণিজ্য মন্ত্রণালয়ে আসবেন, আশা করছি তার আগেই চার পণ্যের শুল্ক কমানো সংক্রান্ত প্রজ্ঞাপন হয়ে যাবে। সভায় খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

**দেশে গত ২৪ ঘণ্টায় ২৫ জনের করোনা শনাক্ত**

দেশে নতুন করে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসের সংক্রমণ। প্রতিদিনই বাড়ছে শনাক্ত রোগীর সংখ্যা। ভাইরাসটিতে গত ২৪ ঘণ্টায় নতুন করে ২৫ জন শনাক্ত হয়েছেন। তাদের সবাই ঢাকার বাসিন্দা। তবে এসময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য জানা যায়নি। মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মোট মারা গেছেন ২৯ হাজার ৪৮২ জন। দেশে এ পর্যন্ত মোট শনাক্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৩৭৩ জনে। আজ মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৩৫৯টি নমুনা পরীক্ষায় ২৫ জনের করোনা শনাক্ত হয়। তাদের সবাই ঢাকার রোগী। ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক ৯৬ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ৩৩ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ৫৭২ জনে। মোট সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৬.০২.২০২৪ প্রতীক)

# BBC

**SENEGAL ON THE BRINK AFTER ELECTIONS POSTPONED**

Senegal's reputation as a bastion of democracy in an unstable region is on the line after protesters clashed with riot police outside parliament on Monday. Inside, lawmakers passed a contentious bill to extend President Macky Sall's tenure and delay elections after he called off a planned election with just three weeks to go. There was a heated atmosphere in the chamber, and some opposition MPs had been removed before the vote by police clad in riot gear after they tried to block proceedings. (BBC Web Page: 06/02/24, FARUK)

**THREE KILLED AS RECORD RAINFALL DRENCHES CALIFORNIA**

At least three people have been killed by falling trees as a powerful storm drenches California bringing flooding, mudslides and power outages. Fire officials have responded to over 130 flooding incidents and conducted several rescues since the deluge began. Forecasters say heavy rain with life-threatening flash flooding will continue into Tuesday. The record-breaking rainfall has led the governor to declare a state of emergency in eight counties. This slow-moving storm is the second atmospheric river to hit California in two weeks. (BBC Web Page: 06/02/24, FARUK)

**BABY KILLED IN RUSSIAN STRIKE ON UKRAINIAN HOTEL**

A two-month-old boy was killed and his mother wounded when a Russian missile hit a hotel in north-eastern Ukraine, officials say. The baby's body was pulled out of the rubble of the three-storey building in the village of Zolochiv, said Kharkiv regional governor Oleh Synehubov. Two other women were hurt when Russia fired two S-300 missiles, he said, hitting the hotel and nearby buildings. Attacks on the Kharkiv region have intensified since the end of 2023. (BBC Web Page: 06/02/24, FARUK)

**SPANISH FARMERS JOIN WAVE OF PROTESTS**

Farmers in Spain have joined their European counterparts in staging protests across the country. Like farmers elsewhere, they demand more flexibility from the European Union, tighter controls on the produce of non-EU countries and more help from their government. In several regions, they blocked roads and caused severe disruption to motorists. A large demonstration in central Madrid is planned for later this month. They also protested in the north-eastern region of Catalonia, the southern region of Andalusia and Extremadura in the west. (BBC Web Page: 06/02/24, FARUK)

**HUNDREDS MISSING AS DEADLY CHILE WILDFIRES RAGE**

Hundreds of people are missing as wildfires continue to raze homes in Chile's Valparaiso region. More than 120 people have been killed in the fires, which have burned down thousands of homes. President Gabriel Boric said the blaze was "the worst catastrophe to hit the country since the earthquake of 27 February 2010", in which more than 500 people died. (BBC Web Page: 06/02/24, FARUK)

**BIRD FLU OUTBREAK DECLARED IN NIGER CAPITAL**

The capital city of Niger, Niamey, has been declared an infected zone after a fresh outbreak of the H5N1 strain of bird flu was detected in local birds. The virus can cause life-threatening sickness in several species of birds including poultry and wild birds. Humans in frequent contact with birds can also become infected. Symptoms can include fever, aching muscles, headache, and a cough or shortness of breath. (BBC Web Page: 06/02/24, FARUK)

**TWELVE CHILDREN DIE OF HUNGER EACH DAY IN SUDAN CAMP: MSF**

The medical charity, MSF, has warned of a catastrophic humanitarian situation in a refugee camp in the Sudanese state of North Darfur. MSF said all its emergency thresholds for malnutrition had been reached and called for an immediate increase in international aid. It said at least one child was dying every two hours at the Zamzam camp, near the city of Fasher. A war between Sudan's regular army and the paramilitary Rapid Support Forces has displaced about eight million people since April last year. Nearly five million people across Sudan now face emergency levels of hunger, the World Food Programme estimates. (BBC Web Page: 06/02/24, FARUK)

**RUSSIA AND CHINA SLAM US FOR MIDDLE EAST STRIKES**

Russia and China have slammed the United States for its recent air strikes on targets in Iraq and Syria. The two countries accused Washington of raising the risk of regional escalation at a meeting of the United Nations Security Council late on Monday. Moscow also asserted that the US decision to launch the attacks was linked to the upcoming presidential election in November. Russia, whose invasion of Ukraine has been the topic of bitter debate at the UNSC over the past two years, had requested the council meeting after the US launched dozens of strikes against Iran-aligned targets in Iraq and Syria. (BBC Web Page: 06/02/24, FARUK)

**COLOMBIA AGREES WITH ELN REBEL GROUP TO EXTEND TRUCE**

Colombia has agreed with The National Liberation Army (ELN) to extend a landmark truce deal that expired last week. The government in Caracas said on Tuesday that it has agreed with Colombia's largest remaining armed rebel group to extend the suspension of conflict by six months. The deal offers further hope of an end to decades of violence. President Gustavo Petro signed in August last year a deal with ELN for a 180-day halt in fighting following lengthy negotiations. The truce was lengthened by five days after it expired last week.
(BBC Web Page: 06/02/24, FARUK)

**:: The End ::**